প্রাথমিক শিক্ষায় ডিপ্লোমা
(ডি. এল. এড্)
(DIPLOMA IN ELEMENTARY EDUCATION)
(D.El.Ed)

কোর্স - 507

সম্প্রদায় এবং প্রাথমিক শিক্ষা

ব্লক - 3

বিদ্যালয় ও সম্প্রদায়ের মধ্যে পরিচালনা করা

রাষ্ট্রীয় মুক্ত বিদ্যালয়ী শিক্ষা সংস্থান

A-24/25 প্রতিষ্ঠানিক এলাকা, সেকটর-62, নয়ডা

গৌতম বুদ্ধ নগর, ইউ পি-201309

ওয়েব সাইট : www.nios.ac.in

শিক্ষার্থী সহায়ক কেন্দ্র টোল ফ্রি নম্বর : 1800 180 9393

ই-মেল : lsc@nios.ac.in

কোর্স - 507 ''সম্প্রদায় এবং প্রাথমিক শিক্ষা''

পাঠ্যক্রমের ধারণার চিত্রপট



ব্লক - 3

বিদ্যালয় ও সম্প্রদায়ের মধ্যে পরিচালনা করা

ব্লক এককসমূহ (Block Units)

একক 9 গোষ্ঠীসমবিষ্ট করা (ব্যবহারিক ভিত্তিক)

একক 10 বিদ্যালয়ের ব্যবস্থাপনা

একক 11 বিদ্যালয় এবং সম্প্রদায়ের সম্পদ ব্যবস্থাপনা

একক 12 বিদ্যালয় এবং সম্প্রদায়ের অংশীদারিত্বে ব্যবস্থাপনা সংক্রান্ত দৃষ্টিভঙ্গী

সূচিপত্র

ক্রমিক সংখ্যা	এককের নাম	পৃষ্ঠা সংখ্যা
1	একক-9 : গোষ্ঠীসমবিষ্ট করা (ব্যবহারিক ভিত্তিক)	1
2	একক-10 : বিদ্যালয়ের ব্যবস্থাপনা	17
3	একক-11 : বিদ্যালয় এবং সম্প্রদায়ের সম্পদ ব্যবস্থাপনা	31
4	একক-12 : বিদ্যালয় এবং সম্প্রদায়ের অংশীদারিত্বে ব্যবস্থাপনা সংক্রান্ত দৃষ্টিভঙ্গী	43

নোট

একক - 9 গোষ্ঠী সমবিষ্ট করা (ব্যবহারিক ভিত্তিক)

কাঠামো

9.0 – ভূমিকা

9.1 – শিখন উদ্দেশ্য

9.2 – গোষ্ঠী সমবিষ্ট করা

9.2.1 অর্থ এবং গুরুত্ব

9.2.2 গোষ্ঠী সমবিষ্ট করা গুরুত্বপূর্ণ কেন?

9.2.3 গোষ্ঠী সমবিষ্ট কারক ভূমিকা এবং দক্ষতা

9.2.4 সম্প্রদায় সমবিষ্ট করা : ভূমিকা এবং দক্ষতা

9.3 – অনুসন্ধান কার্য (case study) : সম্প্রদায় সমবিষ্ট করার জন্য প্রাথমিক শিক্ষা কর্মসূচী

9.3.1 সম্প্রদায় অংশগ্রহণ এবং SSA-র অধীনে সমবিষ্ট করা

9.3.2 গোষ্ঠী সমবিষ্ট করা : Pratham-এর একটি গুরুত্বপূর্ণ কৌশল

9.4 – শিক্ষক এবং সম্প্রদায় সমবিষ্টকরণ

9.5 – সংক্ষিপ্তকরণ

9.6 – আপনার অগ্রগতির পরীক্ষার জন্য উত্তর

9.7 – নির্বাচিত পঠন এবং রেফারেন্সেস

9.8 – একক সমাপ্তির অনুশীলনী

9.0 ভূমিকা

এটা বিরল যে কিছু যা আত্মিকভাবে নিজের এবং সকলের দ্বারা গ্রহণযোগ্য হয় এবং তা হারিয়ে যায় অথবা ব্যর্থ হয়।

ব্লক-1 এবং 2-এ আপনি শিখেছেন সমাজের বৃহত্তর ধারণা এবং যা বিদ্যালয়ের সঙ্গে যুক্ত এবং গোষ্ঠীর মিলনস্থল। আপনি এও শিখেছেন বিদ্যালয় ব্যবস্থার মধ্য দিয়ে গোষ্ঠীর অংশগ্রহণের গুরুত্ব এবং কর্মপন্থার বন্দোবস্ত। বিদ্যালয় ব্যবস্থায় সম্পদ হিসেবে গোষ্ঠীর স্বীকৃতি, এই একক আলোকপাত করবে গোষ্ঠীর অংশগ্রহণের গুরুত্ব এবং মালিকানা এবং গোষ্ঠী সমাবেশিত করার ক্ষেত্রে বিভিন্ন কৌশল গ্রহণ।

Author works for capacity building at ACER centre Prathan and holds a phd

in Nutrition and a Bachelor’s degree in Education. Email:smriti, pahwa@asercentre.org.

প্রচলিত একক হল একটি ব্যবহারিক ভিত্তিক একক। ইহা বিদ্যালয় ব্যবস্থার সাথে যুক্ত বিভিন্ন ধরনের গোষ্ঠীর গুরুত্ব এবং অস্তিত্ব সম্পর্কে কার্যাবলীর সুপারিশ এবং উদাহরণ দেয়। উদাহরণ/অবস্থার অনুসন্ধান যা এই এককে দেওয়া হয়েছে যা গোষ্ঠীকে শক্তিশালী সম্পদ হিসেবে দেখানো হয়েছে এবং সমবিষ্ট করার ক্ষেত্রে বিভিন্ন পদ্ধতির সুপারিশ। এই এককে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল ‘আপনার’ একজন শিক্ষক হিসেবে বিদ্যালয়ের প্রাথমিক লক্ষ্য ‘শিক্ষার্থীর শিখন’ সফল করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ সাহায্যকারী হিসেবে শিক্ষকের ভূমিকা।

এই একক প্রকল্প কর্মের উপর নির্ভরশীল কার্যকরী গবেষণার সাথে সম্পর্কিত যা আপনি বিদ্যালয়ের জন্য গ্রহণ করতে পারেন।

9.1 শিখন উদ্দেশ্য

এই এককের মধ্য দিয়ে আপনি জানতে পারবেন—

- গোষ্ঠী মালিকানা এবং বিদ্যালয়ব্যবস্থায় এর অংশগ্রহণের ধারণা এবং গুরুত্ব।
- বিভিন্ন ধরনের গোষ্ঠীর স্বীকৃতি যা বিদ্যালয় ব্যবস্থায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
- গোষ্ঠী সমবিষ্ট করা এবং বিদ্যালয় ব্যবস্থায় তা ব্যবহার করা সম্পর্কিত উদাহরণ।
- আপনার বিদ্যালয় সম্পর্কিত সমবিষ্ট কার্যক্রমের সুপারিশ করুন।
- প্রাসঙ্গিক গোষ্ঠীর সমবিষ্ট করার ক্ষেত্রে শিক্ষকের (আপনার) ভূমিকার স্বীকৃতি।
- গোষ্ঠী সমবিষ্ট করার ক্ষেত্রে শিক্ষকের দক্ষতা এবং গুণাবলীর একটি তালিকা তৈরী করুন।

9.2 গোষ্ঠী সমবিষ্ট করা

9.2.1 অর্থ এবং গুরুত্ব : নিম্নে বর্ণিত দুটো বিদ্যালয়ের দৃশ্যের মধ্য দিয়ে গোষ্ঠী উদ্‌যোজন এবং মালিকানার ধারনা এবং গুরুত্বের বিষয় বোঝা যাক।

দৃশ্য 1 : দুটো বিদ্যালয়ের গল্প

আমি একজন প্রাথমিক বিদ্যালয় শিক্ষক। আজ আমি বিদ্যালয়ে কাজে যোগদান করতে যাব অধিকরনের নির্দেশ অনুযায়ী। আমি ঐ অঞ্চলে নতুন, তাই বিদ্যালয়ে পৌছানোর জন্য স্থানীয় মানুষের সাহায্য নিতে হয়েছে।



নোট

ঘটনা 1 : চারিদিকে ছড়িয়ে ছিটিয়ে বসে থাকা মানুষদের প্রাথমিক বিদ্যালয় সম্পর্কে জিজ্ঞেস করলে তারা বিস্ময়ে আমার দিকে তাকিয়ে থাকে। অনেক চেষ্টার পর অবশেষে প্রাথমিক বিদ্যালয়ে পৌঁছাই।

ঘটনা 2 : চারপাশে বসে থাকা মানুষদের কাছে প্রাথমিক বিদ্যালয় সম্পর্কে জিজ্ঞাসা করি। তাদের মধ্যে একজন আরেকজনকে জিজ্ঞাসা করল তুমি কী বিদ্যালয় সম্পর্কে জানো যেখানে তোমার প্রতিবেশীর মেয়ে ভর্ত্তি হয়েছে। অপর আর একজন উত্তর দিল যে আমি একটি মেয়েকে গতকাল বিদ্যালয়ে ছেড়ে এসেছি, তার কারণ ওর বাবা অন্য কাজে ব্যস্ত ছিল। ঐ ব্যক্তি বিদ্যালয়ের পথের নির্দেশ বলে দিল। এবার আমি নিশ্চিত হয়ে বিদ্যালয়ের দিকে এগোচ্ছি। বিদ্যালয়ের নিকটে বাড়িতে বসবাসকারী মানুষরা তাদের আমি বিদ্যালয়ের পথ নির্দেশ করতেই তারা বলে উঠল ও যেখানে আমাদের ছেলেমেয়েরা পড়ে ঠিক এই রাস্তাটির দিকে। আমি তাদের ধন্যবাদ জানাই এবং নিজের গন্তব্যে পৌঁছাই।

উপরের দৃশ্যপটে নিম্নলিখিত পয়েন্টগুলো নোট করুন।

ঘটনা 1 : মানুষের বিদ্যালয় সম্পর্কে কোন জ্ঞান নেই অথবা সাধারণভাবে বিদ্যালয় সম্পর্কে যুক্ত নয় যার দ্বারা তারা শিক্ষক মহাশয় গাইড করতে পারে।

শিক্ষক মহাশয়কে সাহায্য করার জন্য একজন আর একজনকে জিজ্ঞাসা করেনি অথবা যে বিষয়টি তাদের হাতে এসেছে সে বিষয়টি নিয়ে একে অপরের সাথে আলোচনা করতে হবে সে সম্পর্কে তাদের কোন ধারণা নেই।

ঘটনা 2 : মানুষেরা বিদ্যালয়কে 'তাদের বিদ্যালয়' বলে সম্বোধন করে। তারা বিদ্যালয়কে সম্বোধন করে যে তাদের ছেলেমেয়েরা বিদ্যালয়ে পড়াশুনা করে।

যে বিষয়টি তাদের হাতে এসেছে সে বিষয় সম্পর্কে একে অপরের সঙ্গে আলোচনা করে (শিক্ষক মহাশয়কে সঠিক পথ নির্দেশ দেওয়ার জন্য) তাদের সাহায্য ও সহযোগীতা করার সচেতনতা লক্ষ্য করা যায় এমন কী প্রয়োজনে প্রতিবেশীদের সন্তানদের বিদ্যালয়েও পৌঁছিয়ে দেয়।

উপরে উল্লেখিত বিষয়ের উপর নির্ভর করে নিম্নের প্রশ্নের উত্তর দিন।

1. কী ধরনের দৃশ্যপট আপনি সম্প্রদায় সম্পর্কে চিত্রায়িত করেছেন যেখানে মানুষেরা একে অপরের সঙ্গে সহযোগীতা করে?

....

....

....

2. সম্প্রদায় সম্পর্কে কী ধরনের চিন্তাভাবনা আপনি উপস্থাপিত করেন যেখানে মানুষেরা একসাথে সম্পদের মালিকানা প্রদর্শন করে এবং ব্যবহার করে?

....

....

....

নোট

মনে রাখতে হবে সম্প্রদায়ে মানুষই হল সবথেকে গুরুত্বপূর্ণ সম্পদ। আত্মবিশ্বাস ও স্বনির্ভরশীলতার জন্য সম্প্রদায়ভুক্ত মানুষের মধ্যে সহযোগীতা অত্যন্ত প্রয়োজনীয়।

সম্প্রদায়ের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা আছে অঞ্চলের সম্ভাব্য সম্পদ চিহ্নিত করা এবং পরিকল্পনামাফিক ব্যবহার করার ক্ষেত্রে। যেখানে স্বায়ত্তশাসন প্রতিষ্ঠান আছে সেখানে সিদ্ধান্ত অঞ্চলের মানুষের দ্বারা প্রতিষ্ঠিত স্বায়ত্তশাসন প্রতিষ্ঠানই নিয়ে থাকে। এই ব্যবস্থাই সম্প্রদায়ের উন্নয়নে সম্ভাব্য পথ। এটিকেই বলা হয় সম্প্রদায় সমবিষ্ট করা যেখানে মানুষেরা পরিকল্পনা ঠিক করবে এবং কার্য সম্পাদন করবে। তারাই সম্প্রদায়ের জীবন পরিবর্তন ঘটাতে পারে। এরূপ সম্প্রদায় সমবিষ্ট করা হল একটি ব্যবস্থা যার মধ্য দিয়ে সম্প্রদায় ব্যক্তিগত দলগত অথবা সংগঠনগতভাবে পরিকল্পনা বিভিন্ন কার্যক্রম নিজের উদ্যোগে অথবা অন্যের দ্বারা নিরবচ্ছিন্নভাবে তাদের উন্নয়নের জন্য অংশগ্রহণ করা।

9.2.2 গোষ্ঠী সমবিষ্ট করা গুরুত্বপূর্ণ কেন?

গোষ্ঠী সমবিষ্ট করা যেকোনো কর্মসূচী সফল করার জন্য গুরুত্বপূর্ণ যা সাহায্য করে :

- মধ্যস্থতা করার ক্ষেত্রে চাহিদা সৃষ্টি করে।
- মধ্যস্থতা করার ক্ষেত্রে কার্য্যকরী সফলতা সৃষ্টি করে।
- অতিরিক্ত সম্পদের ব্যবহার।
- সবচেয়ে দুর্বলদের কাছে পৌঁছানো।
- শিক্ষাকে প্রভাবিত করে, লিঙ্গবৈষম্য ও সচেতনতার অভাবকে প্রভাবিত করে।
- গোষ্ঠী মালিকানা এবং নিরবচ্ছিন্নতা সৃষ্টি করে

9.2.3 গোষ্ঠী সমবিষ্ট কারক ভূমিকা এবং দক্ষতা

এখন গোষ্ঠী সমবিষ্ট করার গুরুত্ব, অর্থ বিষয়ে আপনার কিছু ধারণা হয়েছে। সমবিষ্ট করার প্রক্রিয়ায় যে কর্মকাণ্ড যুক্ত সে বিষয়ে বোঝা যাক। নীচে বর্ণিত অপর কোন দৃশ্যের প্রেক্ষাপটে বিষয়টি বোঝার চেষ্টা করা যাক।

দৃশ্যপট—2 পঞ্চম শ্রেণীর 'সংশ্লিষ্ট শিক্ষক' ক্লাসে অঙ্ক পরীক্ষা নিলেন। ফলে দেখা যাচ্ছে শ্রেণীকক্ষের অর্দ্ধেক পরীক্ষায় পাস করতে পারেনি। শিশুদের মধ্যে যারা পাস করেছে তারা কোন রকমে পাস করেছে। শিক্ষক মহাশয় এর ফলে খুবই বিচলিত হলেন। তিনি সচেষ্ট হলেন এটা দেখার যে শিশুরা কি শিখেছে। তিনি শিশুদের কাজের বিষয় নিয়ে আলোচনা করতে চাইলেন, বিশেষ করে যারা ভাল ফল করতে পারেনি (এই ক্ষেত্রে সমগ্র শ্রেণীকক্ষ), কিন্তু এই প্রক্রিয়ায় অনেক সময়ের প্রয়োজন সাপ্তাহিক পাঠ্যসূচী যা শ্রেণীকক্ষে পড়ানো হয়েছে সে বিষয়ে সময়

দেওয়া সম্ভব নয়। তাই শিক্ষক মহাশয় শ্রেণীকক্ষে বললেন ‘‘আমি চাই যে তোমরা প্রত্যেকে লেখা পরীক্ষায় কেমন করেছ? ভাল, সাধারণ, খারাপ, খুব খারাপ, এবং কেন এমন হল সে ব্যাপারে কারণ নির্দেশ কর।

যদিও এটি একটি অতিরিক্ত কাজ, কিন্তু শিক্ষক মহাশয় এই কাজ করার জন্য সময় ম্যানেজ করবেন। শিশুরা কারণ নির্দেশ করবে যেমন ‘আত্মীয়ের বিবাহে ব্যস্ত থাকার জন্য, অসুস্থতার জন্য, শ্রেণীকক্ষে অনুপস্থিতির জন্য এছাড়াও আরও অন্যান্য কারণের জন্য পরীক্ষা খারাপ হয়েছে। শিক্ষকমহাশয় বিষয়টি ছোট ছোট দলে এবং ব্যক্তিগত ভাবে আলোচনা করবেন যেখানে তার বৈধ কারণ আছে বলে তার মনে হয়েছে। শিশুরাই তাদের সমবয়স্কদের বিষয়ে তথ্য সংগ্রহে উৎস। অল্প কিছু খারাপ বিষয়ে তিনি তার সহ শিক্ষকদের সাথে আলোচনা করবেন।

শিক্ষক মহাশয় বিষয়টি নিয়ে বিভিন্ন অনুষ্ঠানে পিতামাতার সাথে আলোচনা করার সুযোগ গ্রহণ করলেন। সমবয়স্কদের শিখন সুনিশ্চিত করার জন্য তিনি ভাল ফল করা ছাত্রদের এবং খারাপ ফল করা ছাত্রদের নিয়ে পৃথক পৃথক দলে বিভক্ত করলেন। বেশীরভাগ ছাত্ররা প্রথম পড়তে আসা যারা পিতামাতা এবং প্রতিবেশীর কাছ থেকে কোনরকম সাহায্য পায় না। শিক্ষক মহাশয় কিছু উঁচু ক্লাসের ছাত্রকে চিহ্নিত করলেন তাদেরকে সাহায্য করার জন্য যারা তাদের বাড়ীর কাছে থাকে। পরবর্তী পরীক্ষার দিন আসলে আপনি তাদের উন্নয়নের ক্ষেত্রে কী লক্ষ্য করলেন। ক্লাসে কিছু শিশুর উন্নয়নের ক্ষেত্রে অবশ্যই সুযোগ আছে। শিক্ষকের পরিকল্পিত কৌশল এবং নিরবচ্ছিন্ন চেষ্টায় তাদের উন্নয়নের একটা বিরাট সুযোগ রয়েছে।

শিক্ষকমহাশয় সব ক্লাসে এরূপ করতে পারবেন না যেখানে তিনি ক্লাস নেন। তিনি তার সহ শিক্ষকদের সাথে বিষয়টি নিয়ে আলোচনা করবেন। তাদের মধ্যে কেউ কেউ বিষয়টিকে উৎসাহিত করবেন এবং একই কৌশল তার বিষয়বস্তুতে ব্যবহার করবেন। পরবর্তীকালে বিদ্যালয়ে স্টাফ এবং অধ্যক্ষের সাথে

সভায় বিষয়টি আলোচনা করবেন বিদ্যালয় নতুন এক ব্যবস্থা শুরু করেছে এবং স্বীকৃতি দিয়েছে ‘the best study buddies’, সবথেকে ভাল এবং সহযোগীতামূলক উঁচু ক্লাসের দল। প্রতি সপ্তাহে সভায় দলকে উৎসাহিত করা হবে। এই ব্যবস্থা প্রতিটি ক্লাসের জন্য করা হবে। উপরে বর্ণিত দৃশ্যে আমরা লক্ষ্য করলাম যে এই ধরনের সমাবেশ পরীক্ষায় ভাল করার লক্ষ্যে এগিয়ে নিয়ে যাবে। এখন উপরে বর্ণিত প্রেক্ষাপটের পরিপ্রেক্ষিতে সম্প্রদায়কে সংঘবন্ধ করার ক্ষেত্রে যে গুরুত্বপূর্ণ কাজগুলো করতে হবে—

সম্প্রদায়কে সংঘবন্ধ করার ক্ষেত্রে যা করতে হবে	উপরে বর্ণিত দৃশ্যের প্রেক্ষাপটে শিক্ষক মহাশয়কে যে কাজগুলো করতে হবে। উপরে বর্ণিত দৃশ্যের প্রেক্ষাপটে শিক্ষক মহাশয় যে বিষয়টি চিহ্নিত করবেন : অঙ্ক পরীক্ষায় ছাত্রদের খারাপ ফল, ছাত্র : (ক্লাসের ছাত্ররা : বিভিন্ন স্তরে কর্ম সম্পাদন করা, উঁচু ক্লাসের ছাত্র শিক্ষক-সহকর্মী এবং প্রবীন শিক্ষক পিতামাতা উচ্চ স্তরের অধ্যক্ষ
সম্প্রদায়ের মধ্যে সম্পদ চিহ্নিত করা সম্প্রদায়ের সংগঠন (কমিটি) শক্তিশালী করার জন্য সদস্যদের সঙ্গে আলোচনা চালিয়ে যেতে হবে।	উপরের বর্ণিত দৃশ্যের পরিপ্রেক্ষিতে আমাদের শিক্ষক মহাশয় নিম্নলিখিত সম্পদ চিহ্নিত করবেন। ছাত্ররা : সমবয়স্কদের শিখনে পরিচিত করানোর জন্য সম্পদ হিসেবে ভাল ছেলে-মেয়েদের চিহ্নিত করা। সমবয়স্করাও সম্পদ হিসেবে যারা খারাপ ফল করছে তাদের প্রশিক্ষণ ও তথ্য সংগ্রহ করবে। গৃহে সম্পদ হিসেবে ব্যবহার করার জন্য উঁচু ক্লাসের ছাত্রদের চিহ্নিত করতে হবে যারা বাড়ীর কাছাকাছি থাকে। শিক্ষকমহাশয় : প্রবীন শিক্ষকদের চিহ্নিত করতে হবে, যাদের সঙ্গে কৌশলগত পরিকল্পনা নিয়ে আলোচনা করতে হবে। অন্যান্য বিষয়ের শিক্ষকদের সম্পদ হিসেবে বিবেচনা করতে হবে যারা দুর্বল ছাত্রদের তাদের বিষয়ের ব্যাপারে এবং পরিপ্রেক্ষিত সম্পর্কে ফিডব্যাক দেবেন। পিতামাতা : আগ্রহী পিতামাতাদের বিবেচনা করতে হবে সম্পদ হিসেবে যারা আদর্শ পিতামাতা হিসেবে দুর্বল



নোট

	ছাত্রছাত্রীদের সাহায্য করবে যারা প্রথম শিক্ষা গ্রহণ করতে এসেছে। উচ্চপদে অধিষ্ঠিত অধ্যক্ষদের চিহ্নিত করতে হবে সম্পদ হিসেবে যারা এই ধরনের কাজের সঙ্গে যুক্ত তাদের সাহায্য করার জন্য। এই ধরনের কাজ অন্যদের উৎসাহিত করবে। বিভিন্ন অনুষ্ঠানে ছাত্রছাত্রী, শিক্ষক মহাশয় এবং পিতামাতার সাথে আলোচনা করতে হবে, সমবয়স্কদের নিয়ে study buddy গঠন করতে হবে, কাছাকাছি বসবাসকারী উঁচু শ্রেণীর ছাত্রদের চিহ্নিত করতে হবে, ব্যবহৃত অন্যান্য বিষয়ের কৌশল ঠিক করা, আদর্শ সৃষ্টি করা যেখানে এ ধরনের কাজকে উৎসাহিত করতে হবে, কাজের স্বীকৃতি দেবে এবং শক্তিশালী পরিবেশ সৃষ্টিতে সাহায্য করবে।
পরিবেশ সৃষ্টি করা যেখানে ব্যক্তিরা শক্তিশালী হবে এবং নিজ সম্প্রদায়ের প্রয়োজনের বিষয়ে বক্তব্য রাখতে হবে।	শিক্ষকদের কৌশল হিসাবে সেখানে তিনি ছাত্রছাত্রীদের কর্মসম্পাদন সম্পর্কে বলবেন এবং ছাত্রছাত্রীরা যাতে তাদের প্রয়োজন বিষয়ে বলতে পারে তার জন্য তাদের শক্তিশালী ও সংবেদনশীল করবেন। অন্যান্য শিক্ষকদের সাথে আলোচনা ও সাধারণ উদ্যোগ সৃষ্টি করবে এবং দুর্বল স্তরের শিশুদের বিভিন্ন বিষয় সমাধানে সাহায্য করবে।
সম্প্রদায়ের অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করা।	সম্প্রদায়ের সম্পদ চিহ্নিত করা এবং কৌশল ঠিক করা যে বিভিন্ন সম্প্রদায়ভুক্ত সদস্যদের যুক্ত করে এবং তাদের অংশগ্রহণ সুনিশ্চিত করার ক্ষেত্রে আলোচনা করা।
সম্প্রদায়ের সদস্যদের অংশীদারিত্বে কাজ করা। বিভিন্ন ধরনের কৌশল ও দৃষ্টিভঙ্গী উন্নয়নের জন্য সম্ভাবনাময় সম্প্রদায়কে	দলগতভাবে ছাত্রদের ও শিক্ষকদের সাথে আলোচনা করো এবং বোঝার চেষ্টা করা এবং এমন এক আদর্শ কৌশল ঠিক করা যা সবাই সমর্থন করবে। এই ধরনের কাজের দায়িত্ব সফলতার দিকে এগিয়ে নিয়ে যাবে। শ্রেষ্ঠ ‘study buddies’কে স্বীকৃতি দেওয়া, উঁচু শ্রেণীর ছাত্রদের এবং পিতামাতাকে সমর্থন করা এবং তাদের

নোট

চিহ্নিত করা এবং তাদের সমর্থন করা।	উৎসাহিত করা যাতে তারা আরও অধিক পদক্ষেপ গ্রহণ করতে পারে যা ছাত্রছাত্রীদের শিক্ষায় সাহায্য করবে।
বাহ্যিক সম্পদের সাথে সম্পদায়ের সংযোগের ক্ষেত্রে সাহায্য করা।	নিয়মিত বিদ্যালয় ব্যবস্থায় শিক্ষক হিসেবে চেষ্টা করতে হবে, বিদ্যালয়ের বাইরে পিতা-মাতার সাথে সংযোগ স্থাপন করতে হবে (ব্যবস্থাটি হল সক্ষম পিতামাতা প্রতিবেশী শিশুদের সাহায্য করবে) যা ছাত্রগোষ্ঠীর (বিদ্যালয়ের অভ্যন্তরে) সাথে পিতামাতার (বিদ্যালয়ের বাইরে) সংযোগ স্থাপনে সাহায্য করবে। বাহ্যিকস্তরে সম্পর্কস্থাপনের এটি একটি ক্ষুদ্র ছবি। আপনি এ ধরনের সম্প্রদায় সমাবেশিত করার ক্ষেত্রে আরও যোগসূত্র স্থাপনের বিষয় এই এককের পরের অংশে দেখতে পাবেন।
সম্প্রদায়ের সঙ্গে কাজের জন্য অথবা সঙ্গীর সাথে কাজের জন্য যথেষ্ট সময় দিতে হবে।	বিদ্যালয় ব্যবস্থায় শিক্ষক হিসাবে আপনার বিভিন্ন ধরনের দায়িত্ব রয়েছে; সময় হল মূল্যবান সম্পদ। এই সময় আপনার কাছে খুবই কম। উপরের প্রেক্ষাপটে আমাদের শিক্ষকদের কাজ হল বিদ্যালয়ের দায়িত্ব যাদের হাতে আছে তাদের মধ্যে সময় ভাগ করে নেওয়া, সম্প্রদায়কে সমাবেশিত করার জন্য অধিক সময় দিতে হবে।

প্রেক্ষাপট—2 : ‘সংশ্লিষ্ট শিক্ষক’ উপরে যা বলা হয়েছে যেখানে সম্প্রদায় সমাবেশিত করার জন্য আলোচনা সীমাবদ্ধ সময়, কিন্তু প্রাসঙ্গিক বিষয় এবং তার পরিবেশের দিকে লক্ষ্য রাখবেন। এই এককের অন্যান্য অংশে প্রকৃত বিষয় আলোচনা করা হয়েছে। যেখানে আপনার সুযোগ থাকবে বৃহত্তর প্রেক্ষাপটে প্রকৃত কাজ আপনি চিহ্নিত করতে পারবেন।

উপরের বর্ণিত সম্প্রদায় সমবিষ্ট করার ক্ষেত্রে কাজের বিষয় আপনি পড়েছেন এখন আপনি বিষয়টি চিন্তা করুন এবং নিম্নের প্রশ্নের উত্তর দিন।

আপনার অগ্রগতির পরীক্ষা—1

1) আপনার মতে, আপনি কী মনে করেন যে, উপরে বর্ণিত কৌশল যদি আপনার বিদ্যালয়ে প্রয়োগ করা হয়, তাহলে শিশুদের ফলাফলে কী প্রভাব পড়তে পারে?

....

....

....



নোট

2) আপনি কী মনে করেন যদি শিক্ষক মহাশয় এ ধরনের কোন চেষ্টা না করেন তাহলে কী হতে পারে?

....

....

....

3) আপনি কী মনে করেন যে অন্যান্য শিক্ষক, পিতামাতা অথবা ছাত্রছাত্রীদের সাহায্য ছাড়া কেবলমাত্র ব্যক্তিগতভাবে শিশুদের সাহায্য করলে ভাল ফল পাওয়া যায়?

....

....

....

9.2.4 সম্প্রদায় সমবিষ্ট করা : ভূমিকা এবং দক্ষতা

উপরের অংশে আমরা বুঝেছি সম্প্রদায় সমাবেশিত করার ক্ষেত্রে যে কার্যকলাপ যুক্ত তার প্রক্রিয়া বিষয়ে, এখন আমরা পরিচিত হব সম্প্রদায় পরিবেশিত করার ক্ষেত্রে শিক্ষকের ভূমিকা ও দায়িত্ব। সমবিষ্ট করার ক্ষেত্রে একজন ব্যক্তি যিনি এই কাজটি করছেন তিনি চারপাশে যে জিনিষগুলো ঘুরছে তা সমাবেশিত করবেন। তিনি নিজে পরিবর্তিত না হয়ে এমন পরিবেশ তৈরী করবেন যেখানে সাধারণ লক্ষ্যে পৌঁছানো যায় নিম্নলিখিত বিষয়ের দ্বারা :

- সাধারণ মানুষকে একসঙ্গে আনা।
- বিশ্বাস স্থাপন করা।
- অংশগ্রহণে উৎসাহিত করা।
- সিদ্ধান্ত গ্রহণ এবং আলোচনা সহজীকরণ করা।
- সহজে কাজ করার জন্য সাহায্য করা।
- সম্প্রদায় সমবিষ্ট করার প্রক্রিয়াকে সহজ সরল করা।

চিত্র—1 : দৃষ্টিভঙ্গী, দক্ষতা এবং জ্ঞান সংক্ষিপ্তকরণ করা যা একজন সম্প্রদায় সমবিষ্ট সংগঠক-এর থাকতে হবে।



নোট

সম্প্রদায় সমবিষ্ট সংগঠক-এর মানসিকতা, দক্ষতা এবং জ্ঞান অত্যন্ত গুরুত্বপূর্ণ।

সম্প্রদায় সমবিষ্ট সংগঠক হল একজন ব্যক্তি যিনি সম্প্রদায় অংশগ্রহণ বৃদ্ধি সুনিশ্চিত করতে পারেন এবং সাধারণ লক্ষ্যে পৌঁছানোর জন্য সম্পদ সমবিষ্ট করবেন। এখন আমরা চিহ্নিত করব একজন সম্প্রদায় সমবিষ্ট সংগঠক বৃহত্তর প্রেক্ষাপটে কী করেন এবং একজন শক্তিশালী সমবিষ্ট সংগঠক এর গুণাবলী কী কী। এখন আমাদের পাঠ করা যাক যোগাযোগের প্রক্রিয়া এবং ভালো যোগাযোগ দক্ষতা যা Box-1-এ দেওয়া হয়েছে।

Box-1 : যোগাযোগ দক্ষতা সমালোচনামূলক একজন সম্প্রদায় সমবিষ্ট সংগঠক এর ক্ষেত্রে :—

যোগাযোগ কী?

- যোগাযোগ হল মতের, ঘটনার তথ্যের এবং ধারণার আদানপ্রদান।
- যখন কোন বার্তা গ্রহীতা গ্রহণ করার পর যে ধারণায় বোঝার চেষ্টা করেন ঠিক একইভাবে প্রেরকের ধারণার সঙ্গে মিলে যায় তখনই ফলপ্রসূ যোগাযোগ স্থাপিত হয়।

যোগাযোগ প্রক্রিয়া :

- যোগাযোগ প্রক্রিয়া তখনই সম্ভব হয় যখন প্রেরকের পাঠানো বার্তা সঠিক ভাবে গ্রহীতা বুঝতে পারে এবং গ্রহীতা ফিডব্যাক দেয়।
- যোগাযোগ প্রক্রিয়ার নিম্নলিখিত উপাদান থাকে।

  প্রেরক, গ্রহীতা, বার্তা, চ্যানেল এবং মাধ্যম, ফিডব্যাক এবং NOISE।

(a) যোগাযোগ প্রক্রিয়া পাঠককে দিয়ে শুরু হয়। প্রেরক হলেন একজন ব্যক্তি যিনি গ্রহীতার কাছে একটি বার্তা পাঠান। বার্তা পাঠানোর পূর্বে গ্রহীতার দৃষ্টিকোণ থেকে যোগাযোগের বিষয়টি চাক্ষুস করার চেষ্টা করেন।

(b) গ্রহীতা হল একজন ব্যক্তি অথবা গোষ্ঠী যার কাছে যোগাযোগ করা হচ্ছে।

(c) চ্যানেল হল একটি উপায় যার মাধ্যমে বার্তা পাঠানো হয়।

(d) Feedback হল গ্রহীতার উত্তর যার কাছে বার্তা পাঠানো হয়।

(e) Noise হল একটি বিঘ্ন ঘটানোর ব্যবস্থা যা বার্তার গুণাবলীর স্বচ্ছতা কমিয়ে দেয়। Noise দৈহিক (নির্মাণ কাজের জন্য হতে পারে), মনস্তাত্ত্বিক (শ্রোতার মন বিক্ষিপ্ত থাকার ফলে তিনি মূল বিষয়ে অর্থাৎ বক্তা কী বলছেন অথবা লিখছেন সে ব্যাপারে মনোযোগ দিতে পারছেন না), শারীরিক (যখন বক্তার অথবা শ্রোতার শারীরিক অসুবিধা থাকে, ফলপ্রসূ যোগাযোগ সম্ভব হয় না, যখন গ্রহীতার কানে শোনার সমস্যা থাকে) অথবা শব্দার্থগত (যখন বক্তা যে শব্দগুলো ব্যবহার করছে তা গ্রহীতার বোধগম্য হচ্ছে না।

যোগাযোগে শোনার গুরুত্ব

- সক্রিয়ভাবে শোনার অর্থ হল বক্তার ভাবনা, মত, অনুভূতি এবং প্রয়োজন ঠিকভাবে বোঝা।
- আমাদের জীবনে শিখনের বেশীরভাগ অংশ নির্ভর করে আছে শোনার দক্ষতার উপর।

- শোনার দক্ষতা অন্যের চিন্তাভাবনা বুঝতে সাহায্য করে।
- মাঝে মধ্যে কোন ব্যক্তি বিকল্প মত বা পরামর্শ দেওয়ার পূর্বে শুধুমাত্র শোনার বিষয়টি বিবেচনা করে থাকে।
- যদি আমরা মনোযোগ দিয়ে অন্যের মত/চিন্তাভাবনা শুনি এবং বিকল্প পরামর্শ দিয়ে থাকি তাহলে অনেক সময় সেগুলো গ্রহণযোগ্য হয়।

পূর্বের অংশে আপনি সম্প্রদায় সমষ্টিকারক এর মূল গুণাবলী সম্পর্কে ওয়াকিবহাল হয়েছেন। তার উপর নির্ভর করে আপনি গুণাবলীর বিষয়গুলো জেনেছেন এবং আপনি কী এই গুণাবলীর কিছু ''আমাদের শিক্ষক'' দৃশ্যপট—2 'একজন সংশ্লিষ্ট শিক্ষক'-এ চিহ্নিত করতে পারবেন?

দৃশ্যপট—2 : শিক্ষকের গুণাবলী

- ---
- ---
- ---
- ---
- ---
- ---

যে গুণাবলী আপনার আছে যাতে আপনাকে একজন সম্প্রদায় সমবিষ্ট সংগঠক বলা যায়।

9.3 অনুসন্ধান কার্য (Case study) : সম্প্রদায় সমবিষ্ট করার জন্য প্রাথমিক শিক্ষা কর্মসূচী

এই এককে এখনও পর্যন্ত আমরা বুঝেছি যে সম্প্রদায় সমবিষ্ট করার ধারণায় বিদ্যালয় অথবা একটি ক্লাসের প্রেক্ষাপট যেখানে মূল সম্পর্ক হল একজন শিক্ষক অর্থাৎ 'আপনি'। এখন আমরা কিছু সফল সম্প্রদায় সমবিষ্টকরণ কর্মসূচী অধ্যয়ন করব যা শিক্ষার ক্ষেত্রে ইতিবাচক প্রভাব আছে।

9.3.1 সম্প্রদায় অংশগ্রহণ এবং SSAর অধীনে সমবিষ্ট করা

সর্বশিক্ষা অভিযান (SSA) ভারত সরকারের জাতীয় ফ্লাগশিপ (Flagship) কর্মসূচীর মূল লক্ষ্য হল 6-14 বছর বয়সী শিশুদের ব্যবহারপযোগী এবং প্রাসঙ্গিক প্রাথমিক শিক্ষাপ্রদান

নোট

করা এবং সর্বোচ্চ গুরুত্বপ্রদান করা হয়েছে সুপরিকল্পিত সম্প্রদায় সমবিষ্টকরণ এবং বিকেন্দ্রীভূত সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার উপর। 1992 সালের 73তম এবং 74তম সংবিধান সংশোধনী আইনের দিকে লক্ষ্য রেখে জাতীয় শিক্ষানীতি (NPE) এবং কমিটির সুপারিশ অনুযায়ী শিক্ষা ক্ষেত্রে ম্যানেজমেন্ট এর বিকেন্দ্রীকরণ করার প্রেক্ষিতে গ্রাম শিক্ষা কমিটি (VEC) গঠন করা হয়েছিল। অথবা DPEPর অধীনে (District Primary Education Programme) একে পুনরুজ্জীবিত করা। SSAর অধীনে প্রক্রিয়াটি শক্তিশালী করা হয়। বিদ্যালয় সংক্রান্ত ব্যয় নির্বাহ হয় সম্প্রদায়ভিত্তিক সংস্থার উপর ভিত্তি করে যা আসলে ব্যয়ের প্রায় 50 শতাংশ SSAর।

SSAর অধীনে সম্প্রদায় স্তরের কাঠামো সকল রাজ্যে এবং কেন্দ্রশাসিত অঞ্চলে লক্ষ্য করা যায়। সম্প্রদায় ভিত্তিক সংস্থার নামকরণ বিভিন্ন রাজ্যে বিভিন্ন রকম বিশেষ করে তাদের আকৃতি, কার্যকাল এবং বিন্যাস। নির্দিষ্ট বিষয়ের যেমন এনরোলমেন্ট, ধরে রাখা, শিশুকন্যা এবং অন্যান্য অসুবিধাগ্রস্থ গোষ্ঠীর শিক্ষার ব্যবস্থা করা, বিভিন্ন ধরনের অনুদান ব্যবহার করা এবং নির্মাণ কার্য যা এই কর্মসূচীর উদ্দেশ্যপূরণে সাহায্য করবে এই ধরনের কার্যের মনিটর সম্প্রদায়ভিত্তিক হবে। ক্ষুদ্র পরিকল্পনা করার ক্ষেত্রে সম্প্রদায়ভিত্তিক কাঠামো একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, বিশেষ করে বিদ্যালয় উন্নয়ন পরিকল্পনা এবং গ্রাম/ওয়ার্ড শিক্ষা পরিকল্পনা এবং উন্নয়নে SSAর অধীনে বাৎসরিক কাজের পরিকল্পনা এবং বাজেট প্রস্তুত করা হয়। অংশগ্রহণকারী পরিকল্পনা প্রক্রিয়া যা এই সম্প্রদায়ের মধ্য দিয়ে যারা স্থানীয় প্রয়োজনের বিষয়টি অনুধাবন করতে পারে SSAর অধীনে। বিভিন্ন ধরনের সম্প্রদায়ের সমবিষ্টকরণের উদ্যোগ বিভিন্ন রাজ্যে নেওয়া হয়েছে। তাদের তালিকার কিছু নিম্নে উল্লেখ করা হল।

- মাদার সম্মেলনে 'মিনা উইক' এ্যান্ড 'ইন্টারন্যাশনাল উইমেন ডে' বিদ্যালয়ে ক্লাস্টার, ব্লক, জেলা এবং রাজ্যস্তরে শিশুকন্যার উন্নয়ন ঘটানো হিমাচল প্রদেশ।
- 'হাটবাজার' গুজরাটের আদিবাসী এলাকায় নারী ও শিশুদের সরকারী স্কীমএর বিষয়ে সচেতন করা।
- 'স্বাক্ষরতা প্রচার' নিরক্ষর মায়েদের জন্য—গুজরাট।
- আদিবাসী এলাকায় বিশেষ এনরোলমেন্ট উদ্যোগ এবং জাতীয় মহাসভা — ওড়িশা।
- বিদ্যালয় শিশুদের বাইরে এনরোলমেন্ট উদ্যোগ—পশ্চিমবঙ্গ।
- মুখ্যমন্ত্রী শিক্ষা সম্বল মহা অভিযান—শিক্ষা ব্যবস্থা শিক্ষা ও উপরিকাঠামোর উন্নয়নের প্রচার—রাজস্থান।
- বাল মেলা—হিমাচলপ্রদেশ, উত্তরাঞ্চল, রাজস্থান, বিহার, ঝাড়খন্ড, আসাম, দিল্লী।
- মা বেটি মেলা—উত্তরাঞ্চল, মধ্যপ্রদেশ, গুজরাট।
- পাপেট শো'স—কেরালা, পশ্চিমবঙ্গ।
- কালা জাঠাস—উত্তরাঞ্চল, রাজস্থান, বিহার, মনিপুর।
- স্ট্রীট প্লেস—কেরালা, বিহার, পশ্চিমবঙ্গ, দিল্লী।

- স্কুল চলো অভিযান—উত্তরাঞ্চল।
- মেলাস
- অ্যাওয়ারনেস অফ এস এস এ—হরিয়ানা।
- প্রভেস উৎসব মেলা—এম.পি.।
- হলি মেলা—গুজরাট।
- স্কুল মেলাস—কেরালা।

কর্মতৎপরতা—1

আপনার রাজ্যে অথবা অন্য কোন রাজ্যে আর কী কোন এস এস এ'র সম্প্রদায় সমষ্টি কার্যকলাপ আছে যা আপনি জানেন? যদি হ্যাঁ হয় তাহলে তার তালিকা দিন :

9.3.2 গোষ্ঠী সমবিষ্ট করা : Pratham এর একটি গুরুত্বপূর্ণ কৌশল এর উদ্দেশ্য হল 'বিদ্যালয়ে প্রতিটি শিশু পড়বে এবং ভাল করে শিখবে' এবং এটি হল বৃহত্তম বে-সরকারী সংস্থা যারা ভারতে পিছিয়ে পড়া শিশুর উৎকৃষ্টমানের শিক্ষার ব্যবস্থা করা। ইহা 1994 সালে প্রতিষ্ঠিত হয়েছিল যার লক্ষ্য ছিল মুম্বাই-এর বস্তি অঞ্চলের শিশুদের শিক্ষার ব্যবস্থা করা। তারপর থেকেই এর পরিধি বিস্তৃতি লাভ করে এবং দেশের প্রায় 34 লক্ষ শিশু এর আওতায় আসে। উদ্ভাবনী সমষ্টিকরণের কৌশলের মধ্য দিয়ে বিশাল সংখ্যক সম্প্রদায়ভুক্ত শিশুদের মধ্যে পৌঁছানো এর লক্ষ্য। সংগঠন মুম্বাইএ কাজ শুরু করেছিল পাক বিদ্যায় কর্মকান্ডের মধ্য দিয়ে যেখানে অনেক অসুবিধার মধ্য দিয়ে বিশেষ করে জায়গার অভাব তাই সম্প্রদায়কে অন্তর্ভুক্ত করে জায়গার ব্যবস্থা করা হয়। প্রাক্-বিদ্যালয় থেকে শুরু করে সংগঠন বিদ্যালয় প্রতিকার শিখন কর্মসূচী শুরু করে, বিদ্যালয়ের বাইরে থাকা শিশুদের সংক্ষিপ্ত কর্মসূচী এবং একটি সহজ সরল শিক্ষন কর্মসূচী গ্রহণ করে অল্প সময় কীভাবে পড়তে হয়। পরীক্ষার উপাদান যা পড়ার পদ্ধতির একটি বিষয়, যা সারাদেশে শিক্ষা সংক্রান্ত একটি বাৎসরিক রিপোর্ট দেয় একটি নিজস্ব উদ্ভাবনী ব্যবস্থা সার্ভে করা হয়েছে প্রায় 16000 গ্রামে, 3,20,000 পরিবারে এবং প্রায় 2005 পর্যন্ত প্রায় 70000 শিশুর মূল্যায়ন করা হয়েছে। এটা সম্ভব হয়েছে আমাদের বিশাল সংখ্যক স্বেচ্ছাসেবককে সমবিষ্ট করার ক্ষেত্রে সফল হওয়ার জন্য। ভারতে প্রায় 3,50,000 গ্রামে যেখানে শিখনের অভাব রয়েছে 'পড় ভারত' প্রচার সম্ভব হয়েছিল। বিভিন্ন প্রকল্পের মাধ্যমে সম্প্রদায় সমবিষ্ট করণের যে কর্মকান্ড 'প্রথম' নিয়েছিল তা সংক্ষিপ্ত আকারে নিম্নে বর্ণিত হল।

- মানচিত্র : এটি একটি কর্মসূচী যেখানে বসবাসকারী মানুষের মধ্যে সুযোগসুবিধা কী পাওয়া যাচ্ছে এবং তাদের সম্পর্কে বিস্তৃত বিবরণ সংগ্রহ করা।

নোট

- প্রধান, বিশিষ্ট ব্যক্তি VEC/SMC'র সদস্যর সঙ্গে সাক্ষাৎ করে কর্মসূচীর উদ্দেশ্যের বিষয় স্পষ্ট করা।
- ক্ষুদ্র/বৃহৎ দলের সঙ্গে সভার মাধ্যমে প্রথমের কর্মসূচীকে আরও জনপ্রিয় করা যাতে সম্প্রদায়ের মানুষজন প্রাথমিক শিক্ষা এবং শিশুর শিখনস্তরের প্রতি সংবেদনশীল হয়। মূল এই কর্মসূচী নিম্নলিখিত কর্মকান্ডের অন্তর্ভুক্ত।

(a) পূর্ভা/টোলা/মহাশয় ASER শিশুদের পরীক্ষা নেওয়া শুরু করে। এই কর্মকান্ড আকর্ষিত করে এবং কিছুটা পরিমাণে সম্প্রদায়কে মুক্ত করে তার মূল ভিত্তি হল ক্ষুদ্র দলের সঙ্গে সভার ব্যবস্থা করা।

(b) নির্দিষ্ট অঞ্চলেই গৃহীত data সংগ্রহ এবং আলোচনা সংগ্রহ করে।

(c) শিশুদের সাথে ক্ষুদ্র সভায় প্রথমের কার্যাবলীর প্রদর্শন।

- বিদ্যালয়ে কর্মকান্ড—প্রধান শিক্ষকের কাছে প্রথমের কর্মকান্ড নিয়ে সঠিক উপস্থাপন, বিদ্যালয়ের সাথে এর কর্মকান্ডের বিষয় নিয়ে প্রদর্শন করা।

কর্মতৎপরতা—2

আপনি কী জানেন আপনার অঞ্চলের কোন NGO প্রাথমিক শিক্ষার কাজে যুক্ত? তাদের বলুন অথবা আপনার বাড়ীর বা বিদ্যালয়ের নিকট এই ধরনের কার্যকলাপ খুঁজে বের করার চেষ্টা করুন। এই ধরনের কার্যকলাপ যা NGO নিয়েছে তার একটি তালিকা তৈরী করুন।

9.4 শিক্ষক এবং সম্প্রদায় সমবিষ্টকরণ

এখন আপনি শিখেছেন সম্প্রদায় সমবিষ্টকরণ প্রক্রিয়া, এই প্রক্রিয়া খুবই গুরুত্বপূর্ণ এবং কার্যযুক্ত। এই এককের পূর্বেই দৃশ্যপট-2 এ আলোচনা করা হয়েছে। সম্প্রদায় সমবিষ্টকরণ প্রসঙ্গে শিক্ষকের ভূমিকা। একজন শিক্ষক ও একজন অধিবাসী হিসেবে আপনি কী মনে করেন যে, বিভিন্ন সম্প্রদায়ের সাথে আপনার সংযোগ আছে?

ঐ সমস্ত সম্প্রদায়ের আপনি একটি তালিকা তৈরী করুন।

ঐ সম্প্রদায়ের একটি সাধারণ প্রয়োজন যা আপনি চিহ্নিত করেছেন চেষ্টা করুন এর সুপারিশ করুন কী ভাবে সম্প্রদায় সমবিষ্টকরণের মাধ্যমে চিহ্নিত প্রয়োজন পূর্ণ করা যায়। (দৃশ্যপট-2 সংশ্লিষ্ট শিক্ষকের বিষয় যা পূর্বে দেওয়া আছে)

9.5 সংক্ষিপ্তকরণ

- সম্প্রদায় সমবিষ্টকরণ এমন এক প্রক্রিয়া যেখানে সম্প্রদায়ের মানুষেরা পরিকল্পনা করে এবং কাজ করে। তারা তাদের সম্প্রদায়ের জীবনযাত্রা পরিবর্তন করেছে।
- সম্প্রদায় সমবিষ্টকরণ এমন এক উপলব্ধি গঠন প্রক্রিয়া যার মাধ্যমে সম্প্রদায়ভুক্ত ব্যক্তি, গোষ্ঠী অথবা সংগঠন পরিকল্পনা করে, কার্য সম্পাদন করে এবং কার্যাবলীর মূল্যায়ন করে অংশগ্রহণমূলক ভিত্তিতে এবং নিরবচ্ছিন্নভাবে তাদের উন্নয়নের জন্য নিজ উদ্যোগে অথবা অপরের দ্বারা।
- সম্প্রদায় সমবিষ্টকরণ হল খুবই গুরুত্বপূর্ণ যেকোন কর্মসূচী সফল করার জন্য এবং ইহা চাহিদা সৃষ্টি করতে, কর্মসূচীর উৎকর্ষতা বৃদ্ধিতে এবং অতিরিক্ত সম্পদ কাজে লাগাতে সাহায্য করে এবং যা শিক্ষা, লিঙ্গ বৈষম্য, সচেতনতার অভাবকে প্রভাবিত করে। সম্প্রদায়গত মালিকানা বৃদ্ধি করে।
- সম্প্রদায় সমবিষ্টকরণ প্রক্রিয়ায় বিভিন্ন ধরনের কার্যক্রমযুক্ত। কাজের ক্রমানুসারে অত্যন্ত গুরুত্বপূর্ণ।
- সম্প্রদায় সমবিষ্টকারক হল একজন ব্যক্তি যিনি সম্প্রদায়ের অংশগ্রহণ বৃদ্ধি করতে সাহায্য করেন, নিশ্চিত করতে হবে যে সম্পত্তি সমবিষ্ট করা হল তা যেন সাধারণ লক্ষ্যে পৌঁছানোর ক্ষেত্রে সফলতা লাভ করে।
- একজন শক্তিশালী সম্প্রদায় সমষ্টিকারক অবশ্যই তার দক্ষতা থাকতে হবে। এ ব্যাপারে যোগাযোগ দক্ষতা হল খুবই গুরুত্বপূর্ণ।
- একজন শিক্ষক ফলপ্রসূ সমবিষ্টকারক হতে পারেন তার কারণ তিনিই পারেন ছাত্রের শিখন ও সফলতা বৃদ্ধিতে সম্ভাব্য সম্পদের পরিপূর্ণ ব্যবহার করতে।

9.6 আপনার অগ্রগতির পরীক্ষার জন্য উত্তর

- এই কাজের ব্যাপারে আপনি প্রবীন শিক্ষক, সহকর্মী, আপনার অধ্যক্ষ প্রভৃতির সাথে আলোচনা করবেন না। আপনি নিজের আগ্রহে তথ্য সংগ্রহ করবেন।

9.7 নির্বাচিত পঠন এবং রেফারেন্সেস

- Handbook for literacdy and non-formal education facilitators in Africa, Molule-1 : Community sensitization and Mobilization for Development UNLD LIFE Publication Available at : http//unesdoc.uneoco-org/images/0014/001446/14456e.pdf, Accessed on 1st October, 2011.
- Pratham Diploma Course in Community Leadership for Education. Module on Community mobilization (2011) Course of Pratham Community College.
- ASER Centre Certificate programme for survey and research co-ordinatory study material developed for course domain-Basic communications (2011)
- Getting Children back to school. Care studies in primary education (2003). Editor-vimela Ramachandram Sage publications India Pvt. Ltd.

9.8 একক সমাপ্তির অনুশীলনী

9.4.1 অংশে SSA-র অধীনে উল্লেখিত সম্প্রদায় সমবিষ্টকরণ কর্মকাণ্ডের যে তালিকা দেওয়া আছে সেখান থেকে অন্তত একটি বাছাই করুন এবং নিজ ভাষায় বর্ণনা করুন (কমপক্ষে 500 শব্দের মধ্যে লিখুন)।



নোট

একক — 10 : বিদ্যালয়ের ব্যবস্থাপনা

গঠন

10.0 – ভূমিকা

10.1 – শিখনের উদ্দেশ্য

10.2 – বিদ্যালয় ব্যবস্থাপনার প্রকৃতি এবং অর্থ

10.3 – ব্যবস্থাপনার উপাদান

10.4 – আইন/ব্যবস্থাপনার কার্যাবলী

- 10.4.1 – পরিকল্পনা
- 10.4.2 – বাজেট
- 10.4.3 – সংগঠন
- 10.4.4 – নির্দেশদান
- 10.4.5 – নিয়ন্ত্রণ করা
- 10.4.6 – সমন্বয় করা
- 10.4.7 – সিদ্ধান্ত গ্রহণ করা
- 10.4.8 – মূল্য নিরুপক কার্যাবলী এবং কর্মসূচী

10.5 – ব্যবস্থাপনার ধরন-অংশগ্রহণমূলক এবং অংশগ্রহণমূলক নয়ক

10.6 – অংশগ্রহণমূলক ব্যবস্থাপনার প্রক্রিয়া

10.7 – সংক্ষিপ্ত করা যাক

10.8 – সুপারিশকৃত পঠন ও রেফারেন্সেস

10.9 – একক সমাপ্তির অনুশীলনী

10.0 ভূমিকা :

পূর্বের একক আপনি পড়েছেন বিদ্যালয় শিক্ষায় সম্প্রদায় সমবিষ্ট করার উপায় ও পদ্ধতি। বিদ্যালয়ের ব্যবস্থাপনায় সম্প্রদায় সমষ্টিকরণ খুবই গুরুত্বপূর্ণ। বিদ্যালয়ের জন্য সম্প্রদায় মালিকানা যুক্ত। এই উদ্দেশ্যে এটা বোঝা খুবই গুরুত্বপূর্ণ যে বিদ্যালয় কীভাবে সঠিক উপায়ে পরিচালিত হয়। অপরের চেষ্টার সমন্বয় করে তাদের মধ্য দিয়ে লক্ষ্যে পৌঁছনোর উপায় হল ব্যবস্থাপনা। এই এককে আপনি শিখবেন বিদ্যালয় ব্যবস্থাপনার প্রকৃতি, ব্যবস্থাপনার উপাদান, তাদের আইন/কার্যাবলী এবং ব্যবস্থাপনার ধরন।

10.1 শিখনের উদ্দেশ্য

এই এককের মধ্য দিয়ে আপনি জানতে পারবেন—

- বিদ্যালয় ব্যবস্থাপনার ধারণার সংজ্ঞা
- বিদ্যালয় ব্যবস্থাপনার প্রকৃতির ব্যাখ্যা
- ব্যবস্থাপনার উপাদানের বর্ণনা
- ব্যবস্থাপনার কার্যাবলীর তালিকা
- ব্যবস্থাপনার শ্রেণীবিভাগ : অংশগ্রহণমূলক এবং অংশগ্রহণমূলক নয়।
- অংশগ্রহণমূলক ব্যবস্থাপনার প্রক্রিয়ার ব্যাখ্যা।

10.2 বিদ্যালয় ব্যবস্থাপনার প্রকৃতি ও অর্থ

ব্যবস্থাপনার ধারণা :

বিদ্যালয় সহ প্রত্যেক সংগঠনের সফল কার্যাবলীর জন্য ব্যবস্থাপনার বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। ব্যবস্থাপনার ধারণা ভালো করে বোঝার জন্য নিম্নের গল্পটি ভালো করে পড়ুন।

লক্ষ্মী মিউনিসিপাল প্রাথমিক বিদ্যালয় হরিফার নিউ দিল্লী প্রধান শিক্ষিকা, বদলি হয়েছেন অপর প্রাথমিক বিদ্যালয়, শ্যাম বিহারে।

বিদ্যালয়ে যোগদানের পর মুহূর্তে তিনি বিদ্যালয়কে ভালোভাবে পর্যবেক্ষণ করলেন এবং স্টাফ সভা ডাকলেন। তিনি শিক্ষকদের কাছে বিদ্যালয়ের কাজের বিষয়ে; সমস্যা এবং প্রয়োজনের বিষয় জানতে চাইলেন।

শিক্ষকদের সঙ্গে আলোচনার মাধ্যমে তিনি বিদ্যালয়ের নানা সমস্যার বিষয় জানতে পারলেন। তিনি শিক্ষকদের কাছে সমস্যার বিষয় এবং কিভাবে তা দ্রুত সমাধান করা যায় তা জানতে চাইলেন।

এই মুহূর্তে বিদ্যালয়ে প্রধান সমস্যা হল ছাত্রদের উপস্থিতির কম হার।

প্রধান শিক্ষিকা শিক্ষকদের উপস্থিতির হার কম হওয়ার কারণ চিহ্নিত করতে বললেন,শিক্ষক মহাশয় সমস্যার কারণগুলো জানেন এবং সেগুলোর তালিকা নিম্নে উল্লেখ করা হল।

- পিতামাতা বাইরে কাজ করতে গেলে মেয়েরা তাদের ভাইবোনদের উপর লক্ষ্য রাখে।
- ছেলেরা তাদের বাবার সব্জির দোকান, চাস্টল এবং অন্যান্য কাজে সাহায্য করে।
- মাঝেমধ্যে পিতামাতা কিছু কারণের জন্য তাদের গ্রামে যায় এবং দু'তিন মাসের পর ফিরে আসে।
- পিতামাতা তাদের সন্তানদের দিকে লক্ষ্য রাখে না, সে কারণে তারা নিরক্ষর থাকে।
- বিদ্যালয়ে ভালো বা পূর্ণ উপস্থিতির জন্য কোন পুরষ্কারের ব্যবস্থা নেই।
- কারণ জানার পর প্রধান অন্যান্য শিক্ষকদের সাথে আলোচনা করে এই সমস্যাগুলোর



নোট

সমাধানের জন্য একটি পরিকল্পনা গ্রহণ করলেন। তারপর তিনি এই পরিকল্পনা বাস্তবায়িত করার জন্য যে সম্পদের প্রয়োজন তা নিয়ে তিনি আলোচনা করলেন। তারা নিম্নে বর্ণিত সম্পদগুলোর চিহ্নিত করলেন।

বস্তুগত (Physical) : পিতামাতার সাথে আলোচনার জন্য ঘর ও চেয়ার-এর ব্যবস্থা করা। তাদের টিফিনের ব্যবস্থা করা, বিদ্যালয়ে নিয়মিত উপস্থিতির জন্য ছাত্রদের কিছু পুরষ্কার দেওয়া এবং শিক্ষকদের শংসাপত্র প্রদান করা। এই সমস্ত সম্পদ বিদ্যালয়ে পাওয়া যায়।

মানব সম্পদ পিতামাতা, শিক্ষকগণ এবং ছাত্রগণ, পিতামাতা এবং ছাত্রদের কাউনসেলিং করানোর জন্য বিশেষজ্ঞ।

অর্থসংক্রান্ত : শিক্ষার্থীদের জন্য পারিতোষিক (বস্তুগত) ব্যবস্থা, পিতামাতার জন্য টিফিনের ব্যবস্থা প্রভৃতি।

নিম্নলিখিত উদ্দেশ্য পূরণের জন্য পরিকল্পনা প্রস্তুত করা।

- তিন মাসের মধ্যে শিশুদের উপস্থিতির হার 20% বাড়াতে হবে।
- পিতামাতাদের অনুপ্রাণিত করতে হবে তাদের সন্তানদের নিয়মিত পাঠানোর জন্য।
- শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে বিদ্যালয়ে নিয়মিত আসার জন্য।
- নিরক্ষর পিতামাতাকে স্বাক্ষর করতে হবে।

কারণ ও উদ্দেশ্য চিহ্নিত করার পর অধ্যক্ষ এবং শিক্ষক মহাশয় শিক্ষার্থীদের উপস্থিতি বৃদ্ধির জন্য নিম্নলিখিত কৌশল গ্রহণ করবেন।

- যে সমস্ত ছাত্রদের উপস্থিতির হার কম তাদের পিতামাতাদের কাউনসেলিং করানো।
- অতীতে যে সমস্ত ছাত্রদের উপস্থিতির হার কম ছিল প্রতিবেশী হিসেবে তাদের প্রতি মনোযোগ দেওয়া।
- শিক্ষার্থীদের পারিতোষিক দেওয়া।
- ক্রিয়াভিত্তিক শিক্ষণ এর জন্য শিক্ষকদের অনুপ্রাণিত করা।
- শিক্ষার্থীদের উপস্থিতির অগ্রগতির বিষয়ে প্রতি সপ্তাহে পরীক্ষা করা।
- নিরক্ষর পিতামাতার জন্য স্বাক্ষরতা ক্লাসের ব্যবস্থা করবেন।

বিদ্যালয় প্রধান তারপর শিক্ষকদের বিভিন্ন কাজ ভাগ করে দেবেন। তারপর তিনি শিক্ষকদের এই পরিকল্পনার জন্য খরচের বিষয় জানতে চাইবেন। তারা তিন মাসের জন্য 5000 টাকার বাজেট প্রস্তুত করলেন এবং প্রতিটি পরিকল্পনার জন্য সমপরিমাণ টাকা রাখলেন। তিনি শিক্ষকদের সাথে পরিকল্পনা, মনিটরিং এবং মূল্য নিরূপণের বিষয় নিয়ে আলোচনা করলেন। শিক্ষকরা সুপারিশ করলেন যে দুজন শিক্ষক বিষয়টি মনিটরিং করবেন। শিক্ষকদের সাহায্যে পরিকল্পনা বাস্তবায়িত করা হবে এবং প্রতিকার সংক্রান্ত ব্যবস্থা নেওয়া প্রয়োজনমত নেওয়া হবে। অধ্যক্ষ সমস্ত শিক্ষকদের সমন্বয় করবেন এবং কাজটি সঠিকপথে এগোচ্ছে কিনা সে ব্যাপারে নিয়মিত ফিডব্যাক নেবেন। তিন মাস পরে পরিকল্পনার চূড়ান্ত মূল্যনিরূপণের সময় লক্ষ্য করা যাবে যে

ছাত্রদের মধ্যে চারভাগ-এর উপস্থিতি 18% বৃদ্ধি পেয়েছে। অধ্যক্ষ শিক্ষকদের কাজের প্রশংসা করবেন। এভাবে বিদ্যালয়ের প্রধান সফল এবং উৎকর্ষতার সাথে বিদ্যালয় পরিচালনা করবেন। এখন উপরের গল্পের পরিপ্রেক্ষিতে আপনি চিহ্নিত করবেন।

- বিদ্যালয় ব্যবস্থাপনার অর্থ কী?
- ব্যবস্থাপনা প্রক্রিয়ায় কী কী ধরনের প্রক্রিয়া যুক্ত?
- বিদ্যালয়ের প্রধান কীভাবে পকিল্পনা প্রস্তুত করবেন ছাত্রদের উপস্থিতির হার বৃদ্ধির জন্য।

বিদ্যালয় ব্যবস্থাপনার অর্থ :

উপরের উদাহরণ থেকে এটা স্পষ্ট যে বিদ্যালয়ের ব্যবস্থাপনা হল একটি প্রক্রিয়া যেখানে লক্ষ্য পূরণের জন্য সহযোগিতামূলক গোষ্ঠীর প্রত্যক্ষ ক্রিয়া তৎপরতা প্রয়োজন।

নিম্নে ব্যবস্থাপনার কিছু উদাহরণ উল্লেখ করা হল।

‘‘হ্যারল্ড কুজট্-এর মতে ‘‘ব্যবস্থাপনা’’ হল একটি শিল্প যার মাধ্যমে প্রথাগত গোষ্ঠীর সাথে কোন জিনিস পাওয়ার চেষ্টা করা হয়।

‘‘ভবিষ্যৎবাণী করা, পরিকল্পনা করা, সংগঠিত করা, আদেশ দেওয়া, সমন্বয় করা এবং নিয়ন্ত্রণ করা।’’

হেনরি ফেয়ল

‘‘ব্যবস্থাপনা’’ হল জনসাধারণের মধ্য দিয়ে কোন জিনিস অর্জন করার পদ্ধতি’’ মেরী পার্কার ফলেট বলেছেন, ‘‘কোন সংগঠনের ম্যানেজমেন্ট-এর উদ্দেশ্য হল বিভিন্ন প্রক্রিয়ার মধ্য দিয়ে সম্পদ ব্যবহার করে ফল পাওয়া।’’ উদাহরণস্বরূপ বিদ্যালয় ম্যানেজমেন্ট-এর ইনপুট এর বিষয়গুলো উপরিকাঠামো, সুযোগসুবিধা, অর্থ, শিক্ষক এবং ছাত্র, শিখন-শিক্ষণ প্রক্রিয়ায় পদ্ধতি এবং আউটপুট হল শিক্ষাক্ষেত্রে ছাত্রদের সাফল্য। সহঃপাঠক্রমিক কার্যাবলী, শিক্ষকদের দায়িত্বের মানসিকতার বৃদ্ধি। তাই ইনপুট হল মানব ক্ষমতা (নারী ও পুরুষ), উপাদান, যন্ত্রপাতি, পদ্ধতি এবং অর্থ। এই সমস্ত সম্পদ হল ‘‘ম্যানেজমেন্ট-এর পাঁচটি এম (m)।



ম্যানেজমেন্ট-এর পাঁচটি এম

ব্যবস্থাপনার চরিত্র এবং উৎকর্ষতার উপর নির্ভর করে বিভিন্ন সম্পদ কত দক্ষতার সাথে ব্যবহার করা যায়। সমষ্টি করা, সমন্বিত করার ক্ষেত্রে সঠিক মনোযোগ দিতে হবে যাতে সম্পদগুলোর সঠিক ব্যবহার করে সংগঠন তার উদ্দেশ্য সফল করতে পারে। নিয়মিতভাবে যাতে পর্যাপ্ত পরিমাণে, গুণগত মান বজায় রেখো এবং অল্প খরচে যাতে সম্পদগুলো পাওয়া যায় তা সুনিশ্চিত করাও গুরুত্বপূর্ণ কাজ।

ব্যবস্থাপনার প্রকৃতি :

ব্যবস্থাপনা বা ম্যানেজমেন্ট ভালো কিছু করে এবং সম্পদের সঠিক ব্যবহার করে। যার নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলো বর্তমান।

- নির্দিষ্ট লক্ষ্য থাকবে।
- সার্বজনীন
- একীভূত প্রক্রিয়া
- সামাজিক প্রক্রিয়া
- কর্মতৎপরতা ভিত্তিক
- দলগত কার্যকলাপ
- কলা এবং বিজ্ঞান
- নিয়মিত প্রক্রিয়া
- বহুমুখী বিষয়
- অধরা (Intangible)
- সৃষ্টিশীল

পরিকল্পনা, সংগঠন, মনিটরিং, নিয়ন্ত্রণ এবং মূল্যনিরূপণ সংক্রান্ত ম্যানেজমেন্ট এর মূল বিষয় হল সিদ্ধান্ত গ্রহণ যার প্রধান দিক হল : সম্পদ এবং কৌশল।

ম্যানেজমেন্ট-এর ধারণাগত মূল কাঠামো

↓

সিদ্ধান্ত গ্রহণ

↓

সম্পদ

↓

মানুষের শারীরিক ক্ষমতা

↓

উদ্দেশ্য

নোট

10.3 ব্যবস্থাপনার উপাদান

উপরে বর্ণিত গল্প পাঠ করে আপনি লক্ষ্য করেছেন বিদ্যালয়ের প্রধান বিদ্যালয়ে ছাত্রদের উপস্থিতির সমস্যা সমাধানের জন্য ক্রমানুসারে বিভিন্ন ধরনের কর্মকান্ডের ব্যবস্থা করেছেন। এই ধরনের ক্রমানুসারে সাজানো কর্মকাণ্ডকে ব্যবস্থাপনার প্রক্রিয়ার উপাদান বলা হয়। বৃহত্তর প্রেক্ষাপটে নিম্নলিখিতভাবে তা শ্রেণীবিভাগ করা যায়।

- পরিস্থিতির বিশ্লেষণ (Situation analysis)
- কৌশল গঠন (Strategy formulation)
- কৌশল বাস্তবায়ন (Strategy implementation)
- কৌশল সম্পর্কিত মূল্যনিরূপণ (Strategy evaluation)

পরিস্থিতির বিশ্লেষণ : পরিস্থিতির বিশ্লেষণ হল ব্যবস্থাপনা প্রক্রিয়ায় প্রথম পদক্ষেপ। পরিস্থিতি বিশ্লেষণ তথ্য সরবরাহ করে যা বিদ্যালয়ের লক্ষ্য স্থির করার ক্ষেত্রে অত্যন্ত প্রয়োজনীয়। ইহা বিদ্যালয়ের পরিবেশের বিশ্লেষণ এবং মূল্য নিরূপণ করে। এই বিশ্লেষণে বিভিন্ন ধরনের কৌশল ব্যবহার করে সম্পাদিত করা যায়। পর্যবেক্ষণ এবং যোগাযোগ হল দুটো খুব গুরুত্বপূর্ণ কার্য্যকরী পদ্ধতি। আলোচনা, সাক্ষাৎকার এবং গবেষণা অভ্যন্তরীণ পরিবেশ বিশ্লেষণে ব্যবহৃত হতে পারে।

কৌশল গঠন :

কৌশল গঠনযুক্ত বিদ্যালয়ের মূল লক্ষ্যে পৌঁছনোর জন্য পরিকল্পনা ও কৌশলের উন্নয়ন ঘটানো। বিদ্যালয়ের বিভিন্ন প্রকার কাজের জন্য বিভিন্ন ধরনের কৌশল রচিত হতে পারে। উদাহরণ হিসাবে বলা যায়, উপরিকাঠামোর রক্ষণাবেক্ষণ, ছাত্রদের সফলতার উন্নয়ন, উপরে বর্ণিত বিষয় অনুযায়ী ছাত্রদের উপস্থিতির বৃদ্ধি।

কৌশল বাস্তবায়ন :

কৌশল বাস্তবায়ন হল কৌশলকে বাস্তব ক্ষেত্রে প্রয়োগ করা হয়। এর সঙ্গে যুক্ত পদক্ষেপের উন্নয়ন, পদ্ধতি এবং কৌশলকে কার্য্যকরী করার পদ্ধতি। এটাও ঠিক করতে হয় কৌশল প্রথমে কোথায় বাস্তবায়িত করতে হবে। বিষয়ের গুরুত্ব বুঝে কৌশলের অগ্রাধিকার ঠিক করতে হবে। বিদ্যালয় অবশ্যই সবচেয়ে খারাপ সমস্যার উপর গুরুত্ব আরোপ করবে। তারপর অন্য সমস্যার দিকে যাবে, যেগুলোকে চিহ্নিত করা হয়েছে।

কৌশল সম্পর্কিত মূল্যনিরূপণ :

কৌশল সম্পর্কিত মূল্যনিরূপণ স্থির করবে যে কাজের নির্দিষ্ট সময় অতিক্রম করেছে কিনা। লক্ষ্য রাখতে হবে বাস্তবায়ন পদক্ষেপ এবং প্রক্রিয়া সঠিকভাবে কাজ করছে কিনা, প্রত্যাশিত সফলতা পাওয়া গেছে কিনা। যদি এটা দেখা যায় নির্দিষ্ট সময় অতিক্রম করে নি, প্রক্রিয়া ঠিকভাবে কাজ করেনি, অথবা ফল ঠিক মত পাওয়া যায় নি প্রকৃত লক্ষ্যে পৌঁছনোর জন্য, তাহলে কৌশল অবশ্যই সংশোধিত হবে।



নোট

ম্যানেজমেন্ট এবং কর্মীবৃন্দ কৌশল সংক্রান্ত মূল্য নিরূপণে যুক্ত। কারণ প্রত্যেকেই তাদের প্রেক্ষিত থেকে বাস্তবায়ন কৌশল লক্ষ্য করবে। একজন কর্মী কোন সমস্যা চিহ্নিত করবে নির্দিষ্ট বাস্তবায়ন পদক্ষেপের দিক থেকে যা ম্যানেজমেন্ট চিহ্নিত করতে পারবে না। ম্যানেজমেন্ট কৌশল প্রক্রিয়া হল একটি অবিরাম প্রক্রিয়া যার ফল সংগঠনের সদস্যরা অনুভব করতে পারবে। সংগঠনের প্রয়োজনে কৌশল পরিবর্তন হতে পারে।

আপনার অগ্রগতির পরীক্ষা-1

1. আপনি কীভাবে প্রাথমিক বিদ্যালয়ে নিয়মানুবর্তিতা সংক্রান্ত সমস্যা সমাধান করবেন? ম্যানেজমেন্টের উপাদান এর পরিপ্রেক্ষিতে আলোচনা করুন।

10.4 আইন/ব্যবস্থাপনার নিয়মকানুন এবং কার্যাবলী

10.4.1 পরিকল্পনা

পরিকল্পনা হল ম্যানেজমেন্ট এর মূল কার্যাবলী যা উদ্দেশ্য ঠিক করতে এবং ওই উদ্দেশ্যগুলো সফল করার জন্য কার্যপদ্ধতি ঠিক করা। এর সঙ্গে পাঁচটি প্রশ্ন যুক্ত যেমন কী করতে হবে? কখন করতে হবে? কে করবে? কেমন করে করতে হবে? পরিকল্পনা প্রয়োজন এবং ব্যবস্থাপক তার সংগঠনের পরিবেশের অবস্থা সম্পর্কে সচেতন এবং ভবিষ্যৎবাণী করবেন ভবিষ্যৎ অবস্থা সম্পর্কে। এটাও অত্যন্ত গুরুত্বপূর্ণ যে ব্যবস্থাপক হবেন একজন সিদ্ধান্ত গ্রহণকারী। ওপরের উদাহরণ থেকে বলা যায় বিদ্যালয়ের অধ্যক্ষ বিদ্যালয়ের পরিবেশ গভীরভাবে পর্যবেক্ষণ করবেন এবং বোঝার চেষ্টা করবেন বিদ্যালয়ের সমস্যা এবং কার্য। তিনিই হলেন একজন ভালো সিদ্ধান্ত গ্রহণকারী তার কারণ একমাত্র তিনিই পারেন পরিস্থিতি বিশ্লেষণ করে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করতে। তিনি সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গী গ্রহণ করবেন। তাই পরিকল্পনা হল ভবিষ্যৎ কাজের বিজ্ঞানসম্মত হিসাব। ইহা হল সমন্বয় সংক্রান্ত একটি কার্য তার কারণ বিভিন্ন বিকল্পের মধ্য দিয়ে সঠিক কাজের পথ নির্দেশ করে। ইহা আমরা কোথায় আছি এবং আমরা কী হতে চাই উভয়ের মধ্যে সাঁকো তৈরী করে। পরিকল্পনা সংক্রান্ত প্রক্রিয়ায় নিম্নলিখিত পদক্ষেপ লক্ষ্য করা যায়।

—উদ্দেশ্য স্থাপিত করা

—সম্পদ চিহ্নিত করা

—ভবিষ্যৎবাণী করা

—বর্ণনা করা, নীতি, কৌশল মান, নিয়মকানুন ইত্যাদি

—কর্মপরিকল্পনা অঙ্কন করা, বাজেট ইত্যাদি।

10.4.2 বাজেট

বাজেট হল ম্যানেজমেন্ট এর আগামী পর্বে পরিকল্পনা সম্পর্কে পরিমাণগত মত প্রকাশ। সংগঠনের বিভিন্ন স্তরে বাজেট প্রস্তুত করা হয়। মূল বাজেটে আগামী পর্বের সার্বিক আর্থিক পরিকল্পনা থাকে যা সংগঠনের উদ্দেশ্য ও লক্ষ্য প্রতিফলিত করে। বাজেট সঠিকভাবে প্রস্তুত করা হলে তার পরিকল্পনা এবং নিয়মগুলো কাজে লাগে। বিদ্যালয়ের লক্ষ্য এবং উদ্দেশ্য আর্থিক অবস্থার উপর নির্ভর করে। একবার নির্ধারিত হবার পর এই পরিকল্পনা সারা বছর ধরে ব্যবহার করা হয়। মাসিক কার্যাবলী সংক্রান্ত বিবরণ বাজেট এবং প্রকৃত ফলের সঙ্গে তুলনা করতে হবে। কার্য করার প্রক্রিয়াকে নিয়ন্ত্রণ করা, ম্যানেজমেন্ট সম্পাদিত কাজের বিবরণ পরীক্ষা করতে পারে এবং প্রয়োজনীয় সংশোধনী গ্রহণ করতে পারে।

উদ্দেশ্য স্থির হবার পর তা সফল করার জন্য পদ্ধতি ও উপায় ঠিক করা পরবর্তী পদক্ষেপ হল পরিকল্পনা বাস্তবায়নের জন্য মনুষ্য শক্তি এবং বস্তুগত উপাদানগুলো একসঙ্গে জড়ো করা। ‘‘বিদ্যালয় ব্যবস্থাপনার জন্য প্রত্যেকটি জিনিসই তার কার্য সম্পাদনের অত্যন্ত প্রয়োজনীয়-কাঁচা মাল, টুলস্, অর্থ এবং কর্মচারী’’। সংগঠনের কাঠামো (কর্মকর্তাদের নেটওয়ার্ক-দায়িত্ব সম্পর্কযুক্ত) মূল কাঠামো হিসাবে বিবেচিত হয় যার দ্বারা ম্যানেজমেন্ট ব্যক্তিগত চেষ্টার সমন্বয় ঘটায়। সংগঠনগত কার্যাবলী সংজ্ঞায়িত করা হয় এই প্রক্রিয়ায় যেখানে দলগত কার্যাবলী সম্পাদিত হয় এবং ব্যক্তিদের মধ্যে কাজ নির্দিষ্ট করা হয় এবং বিভিন্ন পদের মধ্যে দায়িত্ব সম্পর্কযুক্ত স্থাপন করা হয়। উপরে বর্ণিত বিষয়ে অধ্যক্ষ বিভিন্ন ধরনের কর্মকাণ্ড সংগঠিত করবেন এবং তাদের নির্দিষ্ট কাজের দায়িত্ব দেবেন। সংগঠিত করার ক্ষেত্রে নিম্নলিখিত পদক্ষেপ যুক্ত।

- কর্মকাণ্ডগুলো চিহ্নিত করা উদ্দেশ্যগুলো সফল করার জন্য।
- সমজাতীয় কর্মকাণ্ড শ্রেণীবিভক্ত করে নির্বাহযোগ্য এককে গড়ে তোলা।
- সঠিক ব্যক্তিকে সঠিক কাজের দায়িত্ব অর্পণ করা।
- পরিকল্পনা।
- কী করতে হবে।
- কখন করতে হবে।
- কোথায় করতে হবে।
- কেমন করে করতে হবে।

ব্যক্তির নিকট ক্ষমতা অর্পণ করা এবং ফলের জন্য দায়িত্ব নির্দিষ্ট করা। সংগঠনের মধ্যে ব্যক্তিগত কাজের পরিকল্পনাও এই প্রক্রিয়ার সঙ্গে যুক্ত। ব্যক্তির দায়িত্ব ও কর্তব্যের বিষয়ে সিদ্ধান্ত নিতে হবে এবং সেই কর্তব্য কীভাবে বাস্তবায়িত করা যায় সে ব্যাপারেও সিদ্ধান্ত নিতে হবে। সংগঠনের ক্ষেত্রে যে কাজটি বিশেষভাবে যুক্ত তা হল কত সুন্দরভাবে ব্যক্তির কাজের পরিকল্পনা করা এবং কত সফলভাবে মানব সম্পদকে ব্যবহার করা যায়।

নোট

10.4.4 নির্দেশদান

মিসেস লক্ষ্মী বিদ্যালয় প্রধান গল্পে বর্ণনা করেছেন এবং শিক্ষকদের পরামর্শ দিয়েছেন সঠিকভাবে কার্য সম্পাদনের জন্য। তাই আমরা বলতে পারি যে একজন ব্যবস্থাপক পরিকল্পনা করেন এবং সংগঠিত করেন কিন্তু সুনির্দিষ্ট কোন ফল তিনি পাবেন না যতক্ষণ না পরিকল্পনা বাস্তবায়িত হচ্ছে। এটা হতে পারে নির্দেশদানের মাধ্যমে যার অর্থ হচ্ছে কর্মকাণ্ডের দিকে এগিয়ে যাওয়া। নির্দেশদান ম্যানেজমেন্ট এর প্রক্রিয়ার একটি অংশ যা সংগঠনের সদস্যদের দক্ষতার সঙ্গে কাজ করার ক্ষেত্রে অনুপ্রাণিত করে এবং আকাঙ্খিত উদ্দেশ্যে পৌঁছতে সাহায্য করে। ইহা পরিকল্পনা বাস্তবায়নের সঙ্গে সম্পর্কযুক্ত। ইহা সংগঠিত কাজের উদ্যোগ নেয় এবং সফলতার দিকে সংগঠনকে এগিয়ে নিয়ে যায়।

নির্দেশদান ম্যানেজমেন্ট-এর পারস্পরিক ব্যক্তি সম্পর্কের দিক কারণ সংগঠনের উদ্দেশ্য সফল করার জন্য নিম্নস্তরের কর্মীদের প্রভাবিত করা, গাইড করা এবং অনুপ্রাণিত করা।

10.4.5 নিয়ন্ত্রণ করা

নিয়ন্ত্রণ হল এমন এক ব্যবস্থা যা নিশ্চিত করে সম্পাদিত কার্য যেন কোনভাবেই নির্দিষ্টমান থেকে বিচ্যুত না হয়। নিয়ন্ত্রণ তিন পদক্ষেপ নিয়ে গড়ে ওঠে যা কার্যাবলীর নির্দিষ্ট মান বজায় রাখে, প্রকৃত কর্মকাণ্ডের সঙ্গে মানের তুলনা করে এবং প্রয়োজনে সংশোধন করতে পারে। কাজের মান অনেক সময় আর্থিক বিষয়ের উপর নির্ভর করে যেমন রাজস্ব, খরচ অথবা লাভ আবার অন্যভাবেও উল্লেখ করা যায়। উপরের উদাহরণে কার্যসম্পাদনের মানে ছাত্রদের উপস্থিতির হার 0% বৃদ্ধি পেয়েছে।

10.4.6 সমন্বয় করা

একটি সংগঠন অনেক ব্যক্তিকে নিয়ে গড়ে ওঠে, তাদের প্রত্যেকে বিশেষ কাজ সম্পাদন করে। তাই তাদের মধ্যে এবং তাদের কাজের মধ্যে ঐক্য গড়ে তুলতে হবে। গোষ্ঠীগত উদ্দেশ্য সম্পাদনের জন্য গোষ্ঠী সদস্যদের প্রচেষ্টা এবং তাদের বিশেষজ্ঞ কর্মকাণ্ডের মধ্যে ছন্দসমতা আনয়ন করার পদ্ধতিই হল সমন্বয়। সাধারণ লক্ষ্যে পৌঁছনোর জন্য কর্মকাণ্ডের মধ্যে ঐক্যের বাতাবরণ গড়ে তোলার ব্যবস্থা করা। সাধারণ উদ্দেশ্যের দিকে এগিয়ে যাওয়ার জন্য বিভিন্ন বিভাগের কার্যাবলীর মধ্যে ঐক্য গড়ে তোলা, সংহতি স্থাপন করার বিষয়টিও যুক্ত। সংহতির মূল বিষয় হল ঐক্য। এর সঙ্গে সময় এবং বিভিন্ন কাজ সম্পাদনের রীতির বিষয়টিও যুক্ত। সমন্বয়ের তিনটি উপাদান হল সময়, ভারসাম্য এবং সংহতি। ইহা চলমান ও গতিশীল প্রক্রিয়া। ‘‘ম্যানেজমেন্ট এর প্রধান দায়িত্ব হল সমন্বয়। ভাবুন উপরে বর্ণিত বিদ্যালয়ে অধ্যক্ষ-শিক্ষক এবং অন্যান্য কাজের মধ্যে কিভাবে সমন্বয় ঘটাচ্ছেন।

10.4.7 সিদ্ধান্তগ্রহণ করা

আপনি পর্যবেক্ষণ করেছেন মিসেস লক্ষ্মী বিদ্যালয়ে যোগদানের পর ওই সময়ে সমস্যা সমাধানের

জন্য কিভাবে তৎক্ষণাৎ সিদ্ধান্ত গ্রহণ করেছেন এবং আপনি তা বুঝতে পেরেছেন। আধুনিক ম্যানেজমেন্ট-এ সিদ্ধান্ত গ্রহণ হল প্রয়োজনীয় দিক। ইহা হল ম্যানেজমেন্ট এর প্রাথমিক কাজ। একজন ম্যানেজার এর প্রধান কাজ হল বাস্তব সম্মত সিদ্ধান্ত গ্রহণ। তিনি সচেতন বা অবচেতনভাবে শতাধিক সিদ্ধান্ত নিয়ে থাকেন। সিদ্ধান্ত গ্রহণ হল একজন ব্যবস্থাপকের কর্মকাণ্ডের গুরুত্বপূর্ণ অংশ। সিদ্ধান্ত গ্রহণ হল গুরুত্বপূর্ণ তার কারণ তারা ব্যবস্থাপনা এবং কর্মকাণ্ডের দিক থেকে সিদ্ধান্ত নিয়ে থাকে। সিদ্ধান্ত গ্রহণ হল কর্মকাণ্ডের বিষয় যা কাঙ্ক্ষিত ফলের দিকে পৌঁছনোর জন্য বিভিন্ন বিকল্পের মধ্য থেকে বেছে নেওয়া হয়। সিদ্ধান্ত গ্রহণ হল একটি বৌদ্ধিক প্রক্রিয়া যা অনেক বিকল্প কর্মকাণ্ডের মধ্য থেকে একটি বেছে নেওয়া হয়। সিদ্ধান্ত গ্রহণের পাশাপাশি ম্যানেজমেন্টের দ্বিতীয় কাজটি হল পরিকল্পনা। পরিকল্পনার পাশাপাশি অন্যান্য উপাদান হল সংগঠিত করা, সমন্বয় করা, নিয়ন্ত্রণ করা এবং অনুপ্রাণিত করা। পরিকল্পনা কাজের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের অগ্রাধিকার থাকে। ব্যবস্থাপকের সিদ্ধান্ত যতটা সম্ভব সঠিক হওয়া প্রয়োজন। এজন্য বিজ্ঞানসম্মত সিদ্ধান্ত গ্রহণ অত্যন্ত প্রয়োজনীয়।

সিদ্ধান্ত গ্রহণ বলতে বোঝায়—

- পছন্দ
- অবিরাম কর্মকাণ্ড/প্রক্রিয়া
- মানসিক/বৌদ্ধিক কর্মকাণ্ড
- নির্ভরযোগ্য তথ্য/ফিডব্যাক
- লক্ষ্যমুখী প্রক্রিয়া
- উপায় ইতি টানা নয়
- নির্দিষ্ট সমস্যা বিষয়ে সম্পর্কিত করা
- সময় সাপেক্ষ কর্মকাণ্ড
- ফলপ্রসূ যোগাযোগ প্রয়োজন
- সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার পদক্ষেপ
- সংজ্ঞা/ব্যবস্থাপক সমস্যার চিহ্নিতকরণ
- সমস্যার বিশ্লেষণ

বিকল্প সমাধানের উন্নয়ন বিভিন্ন বিকল্পের মধ্য দিয়ে সব থেকে ভালো সমাধানের বিষয়টি নির্বাচন করা। সিদ্ধান্তকে কর্মকাণ্ডে পরিবর্তন ঘটানো। ফিডব্যাক নিশ্চিত করে তাকে অনুসরণ করা।

10.4.8 মূল্য নিরুপক কার্যাবলী এবং কর্মসূচী

সকল কৌশল ভবিষ্যতে পরিবর্তন হতে পারে কারণ অভ্যন্তরীণ এবং বাহ্যিক উপাদান অনবরত পরিবর্তন হচ্ছে। কৌশল মূল্যনিরুপণ এবং নিয়ন্ত্রণ প্রক্রিয়া ব্যবস্থাপক স্থির করেন যে বাছাই করা কৌশল সংগঠনের উদ্দেশ্য পূরণে সফল হচ্ছে কিনা। কৌশল মূল্যনিরুপণ ও নিয়ন্ত্রণ



নোট

সংক্রান্ত কর্মকাণ্ডের মৌলিক বিষয় হল অভ্যন্তরীণ ও বাহ্যিক উপাদানের বিষয়গুলোর পুনর্মূল্যায়ন করা যা চলিত কৌশলের ভিত্তি, কর্মসম্পাদনের পরিমাপ করা এবং সঠিক কর্মকাণ্ড গ্রহণ করা। ইহা অবিরাম প্রক্রিয়া এবং প্রতিকার সংক্রান্ত পদক্ষেপ এবং সময় ও সম্পদ অপচয় নিবারণ করে। স্মরণে আনুন কীভাবে একজন অধ্যক্ষ উপরে বর্ণিত গল্পে মূল্যায়নরূপিত কর্মকাণ্ড সংগঠিত করেছেন।

আপনার অগ্রগতির পরীক্ষা-2

ম্যানেজমেন্ট এর কার্যাবলীর উপর ভিত্তি করে পঞ্চম শ্রেণীর ছাত্রদের শিক্ষা সংক্রান্ত উন্নয়নের জন্য একটি পরিকল্পনা প্রস্তুত করুন।

10.5 ব্যবস্থাপনার ধরন-অংশগ্রহণমূলক এবং অংশগ্রহণমূলক নয়

ম্যানেজমেন্ট-এর প্রক্রিয়া হল একটি সামাজিক প্রক্রিয়া কারণ মূল লক্ষ্যে পৌঁছনোর জন্য যে কর্মকাণ্ড সংগঠিত হয় তা মূলত জনগণের মধ্যে সম্পর্কের উপর ভিত্তি করে। ব্যবস্থাপক কাজ করে এবং জনগণের মধ্য দিয়ে যে ফল লাভ করে তা জনগণের ভালোর জন্য। তাই ম্যানেজমেন্ট প্রক্রিয়ায় মানবিক উপাদান-12 (human factor 12) হল গুরুত্বপূর্ণ উপাদান। ম্যানেজমেন্ট প্রক্রিয়ায় সিদ্ধান্ত গ্রহণ হল অন্যতম ভিত্তি। তাই কর্মী এবং স্টেকহোল্ডাররা এই প্রক্রিয়ায় যুক্ত থাকে। কিন্তু অনেক সময় কেবলমাত্র ব্যবস্থাপক নিজেই সিদ্ধান্ত নিয়ে থাকেন। জনগণের অংশগ্রহণের উপর ভিত্তি করে ম্যানেজমেন্ট প্রক্রিয়া দু'ধরনের হতে পারে।

10.6 অংশগ্রহণমূলক ব্যবস্থাপনার প্রক্রিয়া

অংশগ্রহণমূলক ব্যবস্থাপনা হল একটি ব্যবস্থা যেখানে কর্মীদের ক্ষমতায়ন করা হয় সংগঠনের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশগ্রহণ করার ক্ষেত্রে। এই ব্যবস্থা গড়ে ওঠে 1920 সালে মানবিক সম্পর্ক আন্দোলনের পরিপ্রেক্ষিতে এবং ম্যানেজমেন্ট এবং সংগঠনের অধ্যয়নের উপর কিছু পণ্ডিত ব্যক্তির গবেষণার উপর ভিত্তি করে গড়ে ওঠা কিছু নীতির উপর নির্ভর করে। যেখানে অংশগ্রহণমূলক ম্যানেজমেন্ট এর ব্যবস্থা আছে সেখানে কর্মীদের নিরাপদ পরিবেশে এবং নিরাপত্তায় কাজ করতে পারে সে ব্যাপারে তাদের মতামত দেওয়ার জন্য উৎসাহিত করতে পারে। অংশগ্রহণমূলক ম্যানেজমেন্টে সমস্যা বিশ্লেষণের এবং সমাধানের কৌশল উন্নয়ন ওবং বাস্তবায়ন এর জন্য স্টেকহোল্ডারদের যুক্ত করা হয়। আমরা সমস্যা বিশ্লেষণ এবং সমাধান এবং সিদ্ধান্ত বাস্তবায়নের দিকে যাই তখন আমাদের ব্যবহার সংশোধন করতে হয়। অংশগ্রহণমূলক

ম্যানেজমেন্ট বলতে বোঝায় স্টাফ শুধুমাত্র ব্যবস্থাপক নয় যা সিদ্ধান্ত গ্রহণ এবং সংগঠনকে প্রভাবিত করে। অংশগ্রহণমূলক ম্যানেজমেন্ট-এ মনোনীত (অথবা ব্যবস্থাপক) এর এখনও সিদ্ধান্ত গ্রহণে এবং এর জন্য উত্তর দেওয়ার মূল দায়িত্ব। স্টাফ সদস্যরা যারা এই সিদ্ধান্তে প্রভাবিত হয় তারা সক্রিয়ভাবে পর্যবেক্ষণ, বিশ্লেষণ, সুপারিশ এবং পরামর্শ দিয়ে থাকে প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায়।

অংশগ্রহণমূলক নয় ম্যানেজমেন্ট (Non-participatory Management)

এই ধরনের ম্যানেজমেন্ট এর ম্যানেজার সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় কর্মীদের যুক্ত করে না। তিনি নিজেই সিদ্ধান্ত নেন এবং কর্মীদের উপর তা চাপিয়ে দেন। এই ব্যবস্থা কর্মীদের অনুৎসাহ করে এবং দক্ষতার উপর নেতিবাচক প্রভাব পড়ে এবং এর ফল প্রত্যাশিত স্তরে পৌঁছায় না। এই ধরনের ম্যানেজমেন্ট কর্মীদের মানোন্নয়ন করে না এবং তাদের পেশাগত উন্নয়নের দক্ষতা বৃদ্ধিতে সাহায্য করে না। এই ধরনের ম্যানেজমেন্ট এর অধীনে সংগঠনের লক্ষ্যে পৌঁছনো খুবই অসুবিধাজনক। এখানে ব্যবস্থাপক হলেন একজন স্বৈরতান্ত্রিক নেতা যিনি শুধুমাত্র কাজের নির্দেশ দেন। আধুনিক অর্থে এই ধরনের ম্যানেজমেন্ট কখনই সফল হতে পারে না।

10.7 সংক্ষিপ্ত করা যাক

- ম্যানেজমেন্ট জনগণের সাথে এবং জনগণের মধ্য দিয়ে ফললাভ করে।
- ম্যানেজমেন্ট যুক্ত থাকে সমবিষ্টকরণ, অর্থের ব্যবহার, মানবশক্তি, উপাদান এবং পদ্ধতির সঙ্গে।
- ম্যানেজমেন্ট প্রক্রিয়ায় চারটি উপাদান থাকে। পরিস্থিতির বিশ্লেষণ, কৌশল গঠন, কৌশল বাস্তবায়ন এবং কৌশল সম্পর্কিত মূল্যনিরূপণ।
- ম্যানেজমেন্ট এর অনেক কাজ থাকে। পরিকল্পনা, সংগঠন, নির্দেশদান, নিয়ন্ত্রণ, সমন্বয়, বাজেটিং, সিদ্ধান্ত গ্রহণ, মূল্যনিরূপিত কর্মকাণ্ড প্রভৃতি।
- অংশগ্রহণমূলক ম্যানেজমেন্ট-এ সংগঠনের লক্ষ্যে পৌঁছনোর জন্য সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায় স্টেক হোল্ডারদের যুক্ত করা হয়।

10.8 সুপারিশকৃত পঠন এবং রেফারেন্সেস

A collection of case studies of good practices adopted by States for...ssa.nic.in/publication/Out%20of%20School%20Word%20File.pdf

Anderson, P., and M. Pulich. "Managerial Competencies Necessary in Today's DynamicHealth Care Environment." Health Care Manager 21, no. 2 (2002): 1–11.

Carroll, Stephen J., and Dennis J. Gillen. “Are the Classical Management Functions Useful in

Describing Managerial Work?” Academy of Management Review 12, no. 1 (1980): 38–51.

Fayol, Henri. General and Industrial Administration. London: Sir Issac Pitman & Sons, Ltd., 1949.

Koontz, Harold, and Cyril O’Donnell. Principles of Management: An Analysis of Managerial Functions. New York: McGraw-Hill Book Co., 1955.

Lamond, David. “A Matter of Style: Reconciling Henri and Henry.” Management Decision 42, no. 2 (2004): 330–356.

Mintzberg, Henry. The Nature of Managerial Work. New York: Harper & Row, 1973

Mukherjee (1991) On Planning Problematic: The Role of Institutional Planning, Segment, New Delhi

Planning Commission (1984) Report of Working Group on District Planning, Vol. I & II, Planning Commission, New Delhi

Robbins, Stephen P. and Mary Coulter. Management. Upper Saddle River, NJ: Prentice Hall, 1999

Varghese, N. V. (1997) “Decentralised Educational Planning in India: An Assessment of Training Needs”, in R. Govinda (ed) Decentralisation of Educational Man agement:

Experiences from South Asia, IIEP, Paris, pp. 138-164

Varghese, N. V. (1993) A Manual for Planning Education at District Level, NEIPA, New Delhi

www.blogspot.com

www.introduction-to-management.com

www.principlesofmanagement.com

www.managementinnovations.wordpress.com

10.9 একক পরিসমাপ্তির অনুশীলনী

1. ম্যানেজমেন্ট এর অর্থ কী? ‘‘সিদ্ধান্তগ্রহণ ম্যানেজমেন্ট প্রক্রিয়ার গুরুত্বপূর্ণ অংশ’’—

নোট

উদাহরণসহ বক্তব্যটি ব্যাখ্যা কর। পরিস্থিতি বিষয়ক বিশ্লেষণ বলতে কি বোঝ? একটি প্রাথমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনায় এটা কতটা উপযোগী?

ম্যানেজমেন্ট-এর কার্যাবলী বলতে কী বোঝ? আপনার মতে কোন কাজটি গুরুত্বপূর্ণ এবং কেন?

2. ‘‘অংশগ্রহণমূলক ম্যানেজমেন্ট হল একটি গণতান্ত্রিক প্রক্রিয়া’’ গ্রামীণ প্রাথমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনার প্রেক্ষিতে বক্তব্যটির সারবত্তা ব্যাখ্যা করুন।

একক — 11 : বিদ্যালয় এবং সম্প্রদায়ের সম্পদ ব্যবস্থাপনা



নোট

কাঠামো

11.0 – ভূমিকা

11.1 – শিখন উদ্দেশ্য

11.2 – মানব সম্পদ

11.3 – বস্তুগত সম্পদ

11.4 – আর্থিক সম্পদ

11.5 – বিদ্যালয়ের তহবিলের জন্য আয়ের আর্থিক উৎস

  11.5.1 – সরকার

  11.5.2 – অন্যান্য সংস্থা

  11.5.3 – আঞ্চলিক সংস্থা

  11.5.4 – বৃত্তি ভাতা প্রদত্ত সম্পত্তি

  11.5.5 – সঞ্চয়

  11.5.6 – পরীক্ষা বা অন্যান্য খাতে দেয় অর্থ

11.6 – সংক্ষিপ্ত করা যাক

11.7 – সুপারিশকৃত পঠন এবং রেফারেন্স

11.8 – একক সমাপ্তির অনুশীলনী

11.0 ভূমিকা :

একক 10এ আপনি শিখেছেন ব্যাবস্থাপনা এবং তার নিয়মকানুনের উপাদান সম্পর্কে (পরিকল্পনা, বাজেট, সংগঠন, নির্দেশনা, নিয়ন্ত্রণ, সমন্বয়, সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়া)। আপনি জানেন যে বিদ্যালয়ের কর্মসূচী—শিখন এবং বিদ্যালয়ের কর্মকান্ড সংক্রান্ত সংগঠনে শুধুমাত্র দক্ষ ব্যবস্থাপনা থাকলে হবে না। একই সময়ে সঠিক বাজেট, দক্ষতার সঙ্গে তহবিল ব্যবহার করে কাঙ্খিত ফল পাওয়া যেতে পারে। এই উদ্দেশ্যের দুটি গুরুত্বপূর্ণ বিষয় বিবেচনা করতে হবে (i) তৎপর মানসিকতা (ii) পর্যাপ্ত সময়মত অর্থের প্রাপ্যতা।

নোট

এর অর্থ হল তৎপর মানসিকতা তখনই সম্ভব যদি ব্যক্তি লেখাপড়া করে এবং কাজের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করে। পর্যাপ্ত এবং সময়মত অর্থের যোগান দেওয়ার জন্য আর্থিক সম্পদ পর্যাপ্ত হবে। বর্তমান এককে সম্প্রদায় ও বিদ্যালয়ে সম্পদ ব্যবস্থাপনার বিষয় এবং বিদ্যালয়ের কর্মকান্ড পরিচালনার জন্য আর্থিক উৎসের বিষয় আলোচনা করা যাক।

11.1 শিখন উদ্দেশ্য

এই এককের মধ্য দিয়ে আপনি জানতে পারেন :

- বিভিন্ন ধরনের সম্পদের মধ্যে পার্থক্য, মূলতঃ মানবিক, বস্তুগত এবং আর্থিক বিদ্যালয়ের ব্যবস্থাপনার জন্য।
- বিদ্যালয়ের জন্য আয়ের আর্থিক সম্পদের শ্রেণীবিভাগ

(a) সরকার

(b) অন্যান্য সংস্থা

(c) আঞ্চলিক সংস্থা

(d) সমাজ থেকে স্বেচ্ছামূলক অর্থ

(e) লভ্যাংশ

(f) সঞ্চয়

(g) পরীক্ষার জন্য দেয় অর্থ

(h) অন্যান্য ধরনের দেয় অর্থ

- বিভিন্ন ধরনের বিদ্যালয় ব্যবস্থাপনায় প্রত্যেকটি আয়ের উৎসের গুরুত্বের তুলনামূলক বিশ্লেষণ করুন যেমন—সরকার, সরকারী সাহায্যপ্রাপ্ত এবং সরকারী সাহায্যপ্রাপ্ত নয় বিদ্যালয়।
- বিদ্যালয় উন্নয়নের জন্য সম্পদ ব্যবস্থাপনায় সম্প্রদায়ের ভূমিকা এবং সম্পদ সমাধিকরণের ভূমিকা ব্যাখ্যা করুন।

11.2 মানব সম্পদ

কিছুক্ষণের জন্য ভাবুন একটি গ্রামে চাষীর শস্য উৎপাদন প্রক্রিয়ার বিষয়। তারা হল প্রকৃত মানব সম্পদ, কারণ তারা উৎপাদন প্রক্রিয়ার মধ্য দিয়ে জমি চাষ করে (a) লাঙলের মধ্য দিয়ে জমি প্রস্তুত করে (b) আগাছা পরিষ্কার করা (c) বীজ বপন করা (d) জলসেচ করা (e) সার দেওয়া (f) শস্য পোকা দূর করার জন্য কীটনাশক দেওয়া (g) শস্য তোলা (h) উৎপাদিত শস্য জমিয়ে রাখা। এই সকল উৎপাদন প্রক্রিয়ায় মানুষের প্রচেষ্টা, শস্য উৎপাদনে জ্ঞান, পরিবারের শ্রমিক



নোট

অথবা শ্রমিক ভাড়া করে আনা যদি তারা ভাড়া শ্রমিক হয়, বীজের ব্যবস্থা করা, রাসায়নিক সার অথবা গোবর সার, কীটনাশক, জলসেচের ব্যবস্থা, শস্য উৎপাদনের জন্য কৃষি সংক্রান্ত যন্ত্রপাতি। তাদেরকে ঝুঁকি নিতে হবে শস্য উৎপাদনের ক্ষেত্রে যদি শস্য ঠিকমত উৎপাদন না হয়। শস্য উৎপাদনে এই জ্ঞান এবং দক্ষতা বিবেচিত হয় মানব সম্পদ হিসেবে। ভুল সিদ্ধান্ত, দেরী করা, গাফিলতি চাষীকে আর্থিক ক্ষতি হতে পারে শস্য উৎপাদনের ক্ষেত্রে, প্রকৃতিও গুরুত্বপূর্ণ ভূমিকা পালনে করে যা মানুষের নিয়ন্ত্রণের বাইরে। যদিও সম্প্রদায়, সমাজ অথবা দেশের জন্য আয় ও সম্পদ সৃষ্টির জন্য মানব সম্পদ খুবই গুরুত্বপূর্ণ। কিছুটা পরিমাণে বিদ্যালয়ে এই পদ্ধতি প্রয়োগ করা যায়। এখানে শিক্ষক এবং বিদ্যালয় ব্যবস্থাপনার চেষ্টার মাধ্যমে ছাত্রদের শিক্ষিত এবং প্রশিক্ষিত ব্যক্তিতে পরিণত করতে পারে, যারা পরিবারের জীবন ধারনের মান বৃদ্ধি করতে এবং একই সময়ে দেশের আয় বৃদ্ধিতে সাহায্য করতে পারে। বিদ্যালয়ে ঝুঁকির বিষয়টি এত শক্তিশালী নয় তার কারণ বিদ্যালয়ে শিক্ষার বিষয়টি অনেক সময় অর্থের বিনিময়ে হয়। শিক্ষকদেরও বেতন দেওয়া হয় এবং এখানে ঝুঁকির বিষয়টি চাষীদের মত নয়। চাষীরা তাদের বিনিয়োগ নষ্ট করতে পারে তাদের ব্যর্থতার জন্য এবং শিক্ষকদের ক্ষেত্রে এ ধরনের ঘটনা ঘটবে না।

আপনি অন্য একটি পেশার উদাহরণের কথা চিন্তা করুন যা আপনাকে আয় বৃদ্ধির ক্ষেত্রে মানব সম্পদের ধারণার বিষয়টি বুঝতে সাহায্য করবে। এখানে কিছু উদাহরণ দেওয়ার জন্য আপনাকে কিছু জায়গা দেওয়া হয়েছে। একটা আপনার জন্য পূর্ণ করা হয়েছে—

1. দোকানদার (সন্দেশ, রসগোল্লার দোকান)
2. ______________________________
3. ______________________________
4. ______________________________
5. ______________________________

11.3 বস্তুগত সম্পদ

একজন চাষী জমি, বীজ, জল, চাষের যন্ত্রপাতি, মানুষ অথবা ট্রাকটর, রাসায়নিক সার অথবা গোবর সার, কীটনাশক ইত্যাদি ছাড়া কী করতে পারে? এই সমস্ত উদাহরণ শস্য উৎপাদনের জন্য চাষীর সম্পদ। অর্থনীতিবিদ্‌রা এই সমস্ত বস্তুগত সম্পদ, শস্য উৎপাদনের ক্ষেত্রে ‘ইনপুট’ বলে অভিহিত করেন। একই জিনিস অন্যান্য দ্রব্য উৎপাদনে বা কাজে করা যায়। এখানে কিছু দ্রব্য বা কাজের উদাহরণ দেওয়া হয়েছে যা আপনাকে বস্তুগত সম্পদের ‘ইনপুট’ এর নিদর্শন দেওয়া যায়।

দ্রব্য ও কাজের উদাহরণ

1. বিদ্যুৎ ইনপুটস্ প্রয়োজন
2. ক্ষৌরকার এর চুল কাটার কাজ
3. শিক্ষকের কাজ
4. বই প্রকাশনার কাজ
5. রাসায়নিক সার

11.4 আর্থিক সম্পদ

যে সমস্ত দ্রব্য এবং কাজ উৎপাদিত হয় এবং তারপর তা 'টাকা রূপে' পরিবর্তিত হয় তখন তাকে আর্থিক সম্পদ বলা হয়। আপনি জানেন যে, অর্থনীতিতে সমস্ত দ্রব্য উৎপাদিত হয় ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বাজারে বিক্রী করার জন্য। বাজারে বিক্রির জন্য উদ্বৃত্ত দ্রব্য পাওয়া যায়। একজন সেই দ্রব্য বিক্রি করে টাকা পায়। বিক্রিত দ্রব্য এবং কাজ টাকার রূপে পরিবর্তিত হওয়ার বিবেচনা করা হয় আর্থিক সম্পদ হিসেবে। এটা অনুমেয় যে উদ্বৃত্ত দ্রব্য যখন বেশী পরিমাণে পাওয়া যায় তখন আমরা বলতে পারি দেশের সম্পদ বৃদ্ধি পেয়েছে এবং আর্থিক ক্ষেত্রে সেই দেশ শক্তিশালী এবং উন্নয়নের ক্ষেত্রে সেই দেশ বেশি করে ব্যয় করতে পারে। যে দেশ যত বেশি সম্পদ সৃষ্টি করতে পারে সেই দেশ তত বেশী উন্নত। যে দেশ যত কম সম্পদ অর্জন করতে পারবে সেই দেশ তত অনুন্নত। এই উন্নয়ন শিক্ষার ক্ষেত্রে বিবেচনা করা যেতে পারে যেমন আরও বেশী করে শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলা, প্রতিষ্ঠানে শারীরিক সুযোগ সুবিধা বৃদ্ধি, আরও বেশী করে শিক্ষক নিয়োগ প্রভৃতি।

আপনি অবশ্যই উচ্চ উন্নত দেশ এবং অনুন্নত দেশের পার্থক্য বুঝতে পেরেছেন। আপনি কী নাম বলতে পারেন আপনার বিবেচনায় একটি উন্নত দেশ এবং একটি অনুন্নত দেশের? এই দুটোর মধ্যে আমরা আর একটি শ্রেণীর নাম বলতে পারি যেমন 'উন্নয়নশীল দেশ'। এখানেই হচ্ছে আলোচনার বিষয় কেন কিছু দেশ হল (a) উন্নত (b) উন্নয়নশীল (c) অনুন্নত। এখানে এই তিন শ্রেণীর দেশের কিছু উদাহরণ দেওয়া যাক। আপনি ইচ্ছে করলে এই তালিকায় আরও কিছু দেশের নাম যুক্ত করতে পারেন।

UNO'র অধীনে The United Nations Development Programme বিভিন্ন দেশের মধ্যে মাথাপিছু আয়, স্বাক্ষরতার হার, লিঙ্গ বৈষম্য সূচক ইত্যাদির উপর ভিত্তি করে মর্যাদা দিয়েছেন। সাম্প্রতিক Human Development Report, 2011 অনুযায়ী the UNDP নিম্নলিখিত দেশগুলোর মর্যাদা প্রদান করেছে এবং যা বন্ধনীর মধ্যে উল্লেখ করা আছে।

নোট

উন্নত দেশ/অর্থনীতি	উন্নয়নশীল দেশ/অর্থনীতি	অনুন্নত দেশ/অর্থনীতি
1	2	3
কানাডা (6)	ব্রাজিল (84)	সুদান (169)
ফ্রান্স (20)	ভারত (134)	লিবারিয়া (182)

সূত্র : Human Development Report–United Nations Development Programme 2011

নোট : অবরোহন পদ্ধতিতে একটি দেশকে উচ্চ মর্যাদা দেওয়া হয়। উদাহরণস্বরূপ, কানাডার মর্যাদা-6 এবং ফ্রান্সের মর্যাদা 20 এবং লিবারিয়ার মর্যাদা 182 যা Human Development Reportএ পাওয়া যায়। এর অর্থ হল কানাডা এবং ফ্রান্সের মাথাপিছু আয়, স্বাক্ষরতার হার এবং লিঙ্গ সাম্যতা সূচক লিবারিয়ার তুলনায় অনেক উচ্চ। কানাডার মর্যাদা ফ্রান্সের থেকে ভালো।

কর্মতৎপরতা—1

1. নিচের বর্ণিত তালিকার দেশগুলো সম্পর্কে 'মানব উন্নয়ন সূচক' এর উপর তথ্য সংগ্রহ করুন। এই রিপোর্ট UNDP home page website থেকে পাওয়া যায়। ইহা এই এককের শেষে দেওয়া হয়েছে।

1. জার্মানি 2. রাশিয়া 3. আর্জেন্টিনা 4. চীন 5. দক্ষিণ আফ্রিকা

....

....

....

2. উপরে উল্লিখিত আপনি কোন মর্যাদায় অন্তর্ভুক্ত করবেন?

(a) উন্নত (b) উন্নয়নশীল (c) অনুন্নত

....

....

....

11.5 বিদ্যালয়ের তহবিলের জন্য আয়ের আর্থিক উৎস

11.5.1 সরকার

একটি দেশে মূল আয়ের উৎস আসে সরকারের দিক থেকে। যখন আপনি সরকারকে বিবেচনা করবেন তখন তা নিম্নরূপ হতে পারে।

1. কেন্দ্রীয় সরকার

2. রাজ্য সরকার

3. স্থানীয় স্বায়ত্ত শাসন ব্যবস্থা (আঞ্চলিক সংস্থা)

ভারতে যুক্তরাষ্ট্র ব্যবস্থা যার অর্থ হল সংবিধান অনুযায়ী কেন্দ্রে একটি সরকার এবং রাজ্যে একটি সরকার। সংবিধানের নিয়ম অনুযায়ী, কেন্দ্রের সরকার রাজস্ব আদায় করে কিছু কর (tax) এর থেকে এবং কেন্দ্রীয় সরকার অধিকৃত উদ্বৃত্ত লাভ থেকে। বাহ্যিক সাহায্য প্রভৃতি থেকে যদি আমরা কেন্দ্র, রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের সরকারের রাজস্ব যোগ করি তখন আমরা বলতে পারি যে এই হল সরকারের রাজস্ব (আয়)। এই এককে যদিও একটি পৃথক শ্রেণীর আঞ্চলিক সংস্থার উল্লেখ আছে যা পৃথকভাবে ব্যাখ্যা করা হয়েছে। যদিও আঞ্চলিক সংস্থা সরকারের অংশ। যদিও তাদের কাজের দায়িত্ব হচ্ছে সম্প্রদায়কে সেবা করা যা পৃথকভাবে শ্রেণী বিভক্ত করা হয়েছে। ইহা এই অংশের পরে আলোচনা করা হয়েছে।

এটা মনে রাখতে হবে যে, 'শিক্ষা' সাংবিধানিক নির্দেশের অন্তর্ভুক্ত হয়েছে যুগ্ম তালিকার অধীনে। এর অর্থ হল কেন্দ্র সরকার ও রাজ্য সরকার উভয়েই শিক্ষা ও শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত বিষয়ে আইন ও নিয়ন্ত্রণ করতে পারে। প্রতিষ্ঠান পরিচালনার জন্য কেন্দ্র ও রাজ্য সরকার উভয়েই অর্থের ব্যবস্থা করতে পারে। সরকারী প্রতিষ্ঠান সরকারের দ্বারা নিয়ন্ত্রিত এবং আর্থিক সাহায্য প্রাপ্ত হয়, অপরদিকে সরকারী সাহায্যপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান অনুদান আইন অনুযায়ী অনুদান পেয়ে থাকে। এখন বহু বিদ্যালয়, মহাবিদ্যালয় গড়ে উঠেছে self financing স্কীম-এ। এই শিক্ষা প্রতিষ্ঠানগুলো বেসরকারী un-aided প্রতিষ্ঠান হিসাবে স্বীকৃত। এই প্রতিষ্ঠানগুলো স্থাপিত হয়েছে বেসরকারী সংস্থা/সংগঠন/ট্রাস্ট/ব্যবসায়ী গোষ্ঠীর দ্বারা।

সরকারও বর্তমানে এই ধরনের প্রতিষ্ঠান স্থাপনের ব্যাপারে উৎসাহিত করছে। আপনি কী ভাবেন সরকারের এই ধরনের প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করার বিষয়ে?

11.5.2 অন্যান্য সংস্থা

ভারতে শিক্ষা সম্প্রসারিত হচ্ছে। সরকারের (কেন্দ্র ও রাজ্য সরকার) একার পক্ষে নগর ও শহরে বিরাট ভাবে শিক্ষার চাহিদা মেটানো সম্ভব নয়। ভারত হল বড় দেশ। চিন্তা করুন দেশে প্রাথমিক শিক্ষার জন্য প্রতিটি কোণায় প্রাথমিক বিদ্যালয় খুলতে হবে। শিক্ষার অধিকার আইন (2009) 1 লা এপ্রিল, 2010 থেকে কার্যকরী হয়েছে। 6-14 বছর বয়সের ছেলে মেয়েদের সার্বজনীন ও বাধ্যতামূলকভাবে শিক্ষার সুযোগ দিতে হবে। প্রথম থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত বিদ্যালয় প্রতিষ্ঠা করতে হলে, আমাদের জমি, শিক্ষক এবং অন্যান্য সুযোগ সুবিধা প্রয়োজন। সরকারের একার পক্ষে বিপুল পরিমাণ অর্থ সংগ্রহ করা সম্ভব নয়। এই পরিস্থিতিতে সরকার অন্যান্য সংস্থার কাছ থেকে অর্থ সাহায্য চায়। সম্প্রতি বেসরকারি সংস্থা/সংগঠন/ট্রাস্ট/সোসাইটিস ব্যবসায়িক সংস্থা এবং বাহ্যিক সংস্থা বিশ্বব্যাংকও ভারতে উচ্চ প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করার ক্ষেত্রে সাহায্য করেছে। বিদ্যালয়ের গৃহ, সুযোগ সুবিধা, শিক্ষকের বেতন, পুস্তক প্রভৃতির জন্য বিদ্যালয়

অন্যান্য সংস্থার কাছ থেকেও সাহায্য গ্রহণ করে থাকে।

কর্মতৎপরতা—2

1. আপনি বিদ্যালয়ের একজন শিক্ষক। আপনার বিদ্যালয়ে কী ধরনের ব্যবস্থাপনা?

i. সরকার নিয়ন্ত্রিত

ii. সরকারী সাহায্যপ্রাপ্ত

iii. বেসরকারী সাহায্যপ্রাপ্ত নয়

....

....

....

2. আপনার বিদ্যালয়ের আয়ের উৎস নির্ণয় করুন। বাজেটারী দৃষ্টিকোণ থেকে শ্রেণী বিভাগ করুন।

....

....

....

11.5.3 আঞ্চলিক সংস্থা

আঞ্চলিক সংস্থা গড়ে ওঠে (i) মিউনিসিপাল বোর্ড/শহরাঞ্চলে কমিটি (ii) জিলা বোর্ড/গ্রামীন অঞ্চলে পরিষদ (iii) গ্রাম পঞ্চায়েত। গণতান্ত্রিক ভারতে সরকার তিন স্তর বিশিষ্ট। কেন্দ্রে কেন্দ্রীয় সরকার রাজ্য স্তরে রাজ্য সরকার এবং জেলা স্তরে মিউলিসিপাল বোর্ড/জেলা স্তরের শহরাঞ্চলের জন্য আছে কমিটি বা জেলা বোর্ড/জেলার গ্রামীন অঞ্চলের জন্য আছে জেলা পরিষদ। গ্রামীন অঞ্চলে আছে ব্লক বা তালুক। গ্রামীন স্তরে আছে গ্রাম পঞ্চায়েত। কিন্তু ব্লক/পঞ্চায়েত শাসিত হয় জেলা সমাহর্তার দ্বারা। রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চলে ব্লক বা পঞ্চায়েতের ভিন্ন নামকরণ হতে পারে। প্রশাসনের সুষ্ঠুভাবে পরিচালনার জন্য জেলাকে বিভিন্ন ভাগে বিভক্ত করা হয়েছে।

মিউনিসিপাল বোর্ড/জেলা পরিষদ আঞ্চলিক সংস্থা হিসেবে পরিচিত। এই আঞ্চলিক পরিষদগুলোর বিশেষ কাজের দায়িত্ব আছে। উদাহরণস্বরূপ এই সংস্থাগুলোর পৌর সুযোগ সুবিধার দিকে নজর রাখে—জল, বিদ্যুৎ, রাস্তা, শিক্ষা, স্বাস্থ্য পরিষেবা প্রভৃতি। উন্নয়নের জন্য উন্নয়ন খাতের সম্পদ টাকা উন্নয়নের জন্য রাখা হয়, এবং জেলা কর্তৃপক্ষের কাছে পাঠানো হয়। ব্লক ডেভেলপমেন্ট অফিসে টাকা পাঠায় এবং ব্লক ডেভেলপমেন্ট ব্লক সমিতির কাছে টাকা পাঠায়। অবশেষে ব্লক, সমিতি, পঞ্চায়েত অথবা ব্লক ডেভেলপমেন্ট অফিস এর মধ্য দিয়ে গ্রাম পঞ্চায়েত উন্নয়নের টাকা পেয়ে থাকে। এই ধরনের উন্নয়ন তহবিলের বন্দোবস্ত এবং গ্রামের সম্প্রদায় এই তহবিল ব্যবহার করে সরাসরি গ্রাম পঞ্চায়েতের তত্ত্বাবধানে।

নোট

অঞ্চলের আঞ্চলিক সংস্থা দ্বারা পরিচালিত আপনার বিদ্যালয়ের উপর একটি অনুসন্ধান কার্য সম্পর্কিত রিপোর্ট প্রস্তুত করুন নিম্নের বিষয়গুলো বিবেচনায় রেখে—

Sl. No.	বিদ্যালয়ের ব্যয়ের মূল বিষয়	আয়ের উৎস
1.		
2.		
3.		
4.		
5.		
6.		

সম্প্রদায় থেকে স্বেচ্ছামূলক দেয় অর্থ

ভারতীয় সমাজে একটি ঐতিহ্য আছে যে সম্প্রদায়ের মানুষজন সমাজের ভাল কাজের জন্য স্বেচ্ছামূলকভাবে অর্থ প্রদান করে থাকে—ধর্মশালা, পঞ্চায়েতের ঘর, ধর্মীয় অঞ্চল (মন্দির, মসজিদ, গুরুদুয়ারা, গীর্জা (i) ঘর নির্মাণের জন্য বিনা পারিশ্রমিকে শ্রমিক (ii) বস্তুগত দান (iii) টাকা (iv) বিনামূল্যে জমি।

আপনি এই ধরনের স্বেচ্ছামূলক দান আপনার অঞ্চলে লক্ষ্য করেছেন। ইহা খুবই ভাল এবং উদার মানসিকতা যা ভাল কাজের জন্য সম্প্রদায়ের মালিকানার ধারণা প্রতিষ্ঠিত করে। এই ধরনের স্বেচ্ছামূলক দান ক্ষুদ্র হতে পারে কিন্তু সম্প্রদায়ের বিরাট সংখ্যক মানুষ এই ব্যাপারে টাকা দিয়ে থাকে এবং একই সঙ্গে এর গুরুত্ব বিরাট।

11.5.4 বৃত্তি ভাতা প্রদত্ত সম্পত্তি

বৃত্তি ভাতা প্রদত্ত সম্পত্তি হল কোন একটি নির্দিষ্ট বিষয় সংক্রান্ত তহবিল (corpus fund) যা গঠিত হয় কোন ব্যক্তি অথবা পরিবার অথবা ট্রাস্ট/সোসাইটি দ্বারা এবং বিশেষ এবং সাধারণ উদ্দেশ্যের জন্য। ভারতের দৃষ্টিকোণ থেকে শিক্ষা প্রতিষ্ঠান, বিদ্যালয়, মহাবিদ্যালয় বৃত্তি ভাতা প্রদত্ত সম্পত্তি (endowment) পেয়ে থাকে। এই ধরনের endowment তহবিল থেকে প্রতিষ্ঠান নিয়মিত সুদ পায় এবং প্রতিষ্ঠানগুলো নির্দিষ্ট উদ্দেশ্যে ব্যয় করে থাকে। উদাহরণ হিসেবে বলা যায় গুণগত বৃত্তি অথবা বিদ্যালয় গৃহ রক্ষণাবেক্ষণ এর জন্য (সাধারণ উদ্দেশ্য) ব্যয় করে থাকে। কিন্তু বর্তমানে লভ্যাংশ থেকে আয় এখন কমে আসছে। পরিবারে বা নিজেরাই এখন নিজস্ব প্রতিষ্ঠান গড়ে তুলছে।



নোট

11.5.5 সঞ্চয়

নির্দিষ্ট হারে বিভিন্ন খাতে ব্যয় হওয়ার পর আয়ের যে উদ্বৃত্ত অংশ তাই হল সঞ্চয়। বিভিন্ন সময়ে ব্লকগ্রান্ট পেয়ে থাকে কিন্তু কোন কর্মসূচীর জন্য ব্যয় করা হয়। ব্লকগ্রান্ট থেকে পাওয়া অর্থ ব্যাংক অথবা পোস্ট অফিসে জমা রাখা হয়। সুদ এবং ব্যয়ের পর উদ্বৃত্ত অংশ অন্যান্য খাতে খরচ করা হয়। এই ধরনের সঞ্চয় আয়ের বৈধ উৎস এবং তার ঘাটতি মেটাতে সাহায্য করে। ঘাটতি (deficit) বলতে আয়ের তুলনায় অতিরিক্ত ব্যয়।

এখনকার দিনে বিভিন্ন বিদ্যালয় গৃহ নির্মাণ, নির্মাণের কাজ শেষ হতে সময় লাগলে অন্যান্য পৌর কাজ করে থাকে, এখানেও সঞ্চয়ের সম্ভাবনা থাকে।

ইহা নির্দিষ্টভাবে সরকারী সাহায্যপ্রাপ্ত অথবা সাহায্যপ্রাপ্ত নয় প্রতিষ্ঠানেও ঘটতে পারে। বিদ্যালয় ম্যানেজমেন্ট এরও এই ধরনের 'সঞ্চয়' আছে ব্যয়ের তুলনায় উদ্বৃত্ত আয়। এই প্রতিষ্ঠানগুলোর আয়ও বেশী, সঞ্চয় বিদ্যালয়ের শক্তিশালী অর্থ। এই অর্থ বিদ্যালয়ের উন্নয়ন সংক্রান্ত কর্মকান্ডে ব্যবহৃত হতে পারে।

11.5.6 পরীক্ষা বা অন্যান্য খাতে দেয় অর্থ :

প্রাথমিক এবং উচ্চ প্রাথমিক বিদ্যালয় সরকার কর্তৃক পরিচালিত হয় সেজন্য তারা কোন অর্থ ছাত্রদের কাছ থেকে গ্রহণ করে না, কিন্তু সরকারী সাহায্যপ্রাপ্ত এবং সরকারী সাহায্যপ্রাপ্ত নয় বেসরকারী বিদ্যালয় বিভিন্ন খাতে ছাত্রদের কাছে টাকা ধার্য করে। এই Fees বিভিন্ন ধরনের হতে পারে।

(a) টিউসন ফিস্ (b) পরীক্ষা সংক্রান্ত ফিস্

(c) কমপিউটার ফিস্ (d) ছাত্রছাত্রীদের জন্য তহবিল

সরকারী সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়গুলো সরকার নির্দিষ্ট Fees ধার্য করে। ছাত্রদের ক্লাস এর উপর ভিত্তি করে নির্দ্ধারিত হয়। প্রাথমিক স্তরে এই Fees এর হার কম এবং উচ্চ প্রাথমিকে বেশী। মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক স্তরে বিজ্ঞান শাখার জন্য Fees ধার্য করা হয়। পাশাপাশি বিদ্যালয়ে সহ-পাঠক্রমিক কর্মকাণ্ড সংগঠিত করার জন্য Fees ধার্য করা হয়। এই ব্যবস্থা বিদ্যালয়ে বিভিন্ন ধরনের কর্মকাণ্ড সংগঠিত করার ক্ষেত্রে বাজেট এ ভারসাম্য রক্ষা করতে সাহায্য করে। সরকারী সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ে সরকার অনুদান দেয় ঘাটতি নীতির উপর ভিত্তি করে। এই অনুদান দেওয়ার সময় সরকার বিদ্যালয়ের বিভিন্ন উৎস থেকে যে আয় হয় সেই পরিমাণ টাকা কেটে নেওয়া হয়। এই Fees সাধারণতঃ সরকারের দ্বারা নিয়ন্ত্রিত হয়। সাধারণতঃ সরকারী সাহায্যপ্রাপ্ত নয়, বেসরকারী বিদ্যালয়ে যে Fees ধার্য করা হয় তা মূলতঃ সরকারী সাহায্যপ্রাপ্ত বিদ্যালয় থেকে অনেক উচ্চ। কেন এরূপ হয়? তার কারণ এই বিদ্যালয়গুলো সরকারের কাছ থেকে আর্থিক অনুদান পায় না। এই বিদ্যালয়গুলো সমস্ত ব্যয় করে থাকে বিভিন্ন Fees এর সংগৃহীত অর্থ থেকে। এই বিদ্যালয়গুলো ছাত্রদের কাছ থেকে অতিরিক্ত Fees ও সংগ্রহ করে। উদাহরণস্বরূপ,

নোট

ছাত্ররা ক্লাসে ভর্তির সময় প্রবেশ fees (Admission fees) দিয়েছেন হতে পারে প্রথম শ্রেণীতে ভর্তির সময় অথবা শুরুর অন্য কোন স্তরে যেমন প্রাথমিক স্তর থেকে উচ্চ প্রাথমিক স্তরে অথবা উচ্চ প্রাথমিক স্তর থেকে মাধ্যমিক স্তর অথবা উচ্চ মাধ্যমিক স্তর। মাঝে মধ্যে বিদ্যালয় ব্যবস্থাপনা বিদ্যালয় উন্নয়ন fees ধার্য করে থাকে, সাধারণতঃ বাৎসরিক ভিত্তিক হয়। বিদ্যালয় উন্নয়ন fees ধার্য করা হয় মূলতঃ বিদ্যালয়ের আয় বৃদ্ধি করার জন্য এবং যা দিয়ে বিদ্যালয়ে শারীরিক সুযোগ সুবিধা বৃদ্ধি করা হয় যেমন অতিরিক্ত শ্রেণীকক্ষ, পাঠাগারের পুস্তক ক্রয় করা, বিভিন্ন বীক্ষণাগার, আসবাবপত্র, কমপিউটার সংক্রান্ত সুবিধা বৃদ্ধি, জিমনাসিয়াম, খেলার মাঠ, বৈদ্যুতিক সরঞ্জাম, পানীয় জলের ব্যবস্থা, বিদ্যালয় প্রেক্ষাগৃহ প্রভৃতি।

এটা উল্লেখ করতে হয় যে সাহায্যপ্রাপ্ত নয় বেসরকারী বিদ্যালয়গুলোর আয়ের বেশীরভাগ অংশ আসে ছাত্রদের Fees থেকে। এই আয় শুধুমাত্র বিদ্যালয়ের প্রাত্যহিক খরচে ব্যয় হয় না, বিদ্যালয়ের শিক্ষক, অশিক্ষক কর্মীদের বেতন এবং অন্যান্য কর্মকাণ্ডের জন্যও ব্যয় হয়। সেই কারণে এই ধরনের বিদ্যালয়গুলো অনেক বেশী করে সহ-পাঠক্রমিক কর্মকাণ্ড সংগঠিত করতে পারে। সেই তুলনায় সরকারী ও সরকারী সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ে এই ধরনের কর্মকাণ্ড সংগঠিত করার হার খুব কম। এই বিদ্যালয়গুলোতে পিতামাতারা উচ্চ হারে fees প্রদান করে থাকে। সেজন্য বিদ্যালয়গুলোর দায়বদ্ধতাও অনেক বেশী।

পিতামাতা-শিক্ষক-অ্যাসোসিয়েশন অথবা মা-শিক্ষক-অ্যাসোসিয়েশন হল বিদ্যালয় উন্নয়ন কর্মকাণ্ডের একটি আলোচনার ফোরাম যেখানে ছাত্রদের বৌদ্ধিক, সহ-বৌদ্ধিক, সহ-পাঠক্রমিক কর্মকাণ্ডের অগ্রগতির বিষয় নিয়ে আলোচনা হতে পারে। সম্প্রদায়ের প্রতি বিদ্যালয়ের দায়বদ্ধতার এটি একটি স্বাস্থ্যসম্মত অভ্যাস।

11.6 সংক্ষিপ্ত করা যাক

এই এককে আপনি বুঝতে পেরেছেন সম্পদের ধরণ ও গুরুত্ব বিষয়ে মানবিক, বস্তুগত, আর্থিক যা দিয়ে বিদ্যালয়ের বিভিন্ন কর্মকাণ্ডের বিষয় সংগঠিত হয়। আর্থিক বিষয়েও আপনি জানতে পেরেছেন বিভিন্ন ধরনের আয় যা বিদ্যালয় ম্যানেজমেন্ট করে থাকে। এই ধরনের সম্পদ বিভিন্ন সংস্থা দিয়ে থাকে যেমন সরকার, অন্যান্য দান সংস্থা, আঞ্চলিক সংস্থা, সম্প্রদায়ের কাছ থেকে স্বেচ্ছামূলক দান, লভ্যাংশ ইত্যাদি।

অনেক সময় বিদ্যালয়েরও 'সঞ্চয়' থাকে ব্যয়ের থেকে আয় বেশী হওয়ার ফলে। বিদ্যালয়ের ম্যানেজমেন্ট উদ্বৃত্ত অর্থ পোস্ট অফিস অথবা ব্যাংকে গচ্ছিত রাখে এবং সেখান থেকে বিদ্যালয় ম্যানেজমেন্ট যে সুদ পেয়ে থাকে তা দিয়ে বিদ্যালয় উন্নয়ন সংক্রান্ত কর্মকাণ্ডে তা ব্যবহার করা যায়। এই ধরনের 'উদ্বৃত্ত আয়' (সঞ্চয়) সৃষ্টি হয় সরকারী সাহায্য প্রাপ্ত অথবা সাহায্য প্রাপ্ত নয় বেসরকারী বিদ্যালয়ে যা অতিরিক্ত অর্থ সৃষ্টি করে লভ্যাংশ, সম্প্রদায়ের স্বেচ্ছামূলক দান অথবা

fees-এর মাধ্যমে। সরকারী বিদ্যালয়ের এই ধরনের fees ধার্য করার কোন সুযোগ নেই তার কারণ fees ধার্য করার বিষয়ে সরকার নিয়মকানুন তৈরী করে এবং সমস্ত ব্যয় পরিচালিত হয় নির্দিষ্ট নিয়মের দ্বারা। সরকারী সাহায্য প্রাপ্ত বিদ্যালয়েরও নিয়ম কানুন তৈরী করে। কিন্তু সরকারী সাহায্য প্রাপ্ত নয় বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান উচ্চহারে fees ধার্য করে এবং তাদের মূল আয়ের উৎস হল ফিস (fees) সংগ্রহ থেকে। এই বিদ্যালয়গুলোর জন্য সরকারের নিয়মকানুন খুবই নমনীয় তার কারণ সরকার শিক্ষার প্রসারের জন্য বেসরকারী উদ্যোগে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানকে উৎসাহিত করছে। এই হল এক ধরনের পথ শিক্ষার কারণে সম্প্রদায়কে উৎসাহিত করা।

11.7 সুপারিশকৃত পঠন ও রেফারেন্স

United Nations Development Programme (UNDP) Human Development Report-2011, webpagelinkhttp://undp.org/en/statistics

11.8 একক সমাপ্তির অনুশীলনী

নিম্নের প্রশ্নের উত্তর দিন—

1. আঞ্চলিক সংস্থার দ্বারা পরিচালিত বিদ্যালয়ের সবলতা ও দুর্বলতার পাঁচটি পয়েন্ট চিহ্নিত করুন।

2. সাহায্যপ্রাপ্ত নয় বেসরকারী বিদ্যালয়ের ক্যালেন্ডারের উপর একটি টীকা প্রস্তুত করুন।

3. আপনি যে বিদ্যালয়ে কাজ করেন সেই বিদ্যালয়ের পরিপূর্ণ উন্নয়নের জন্য মানব সম্পদ ম্যানেজমেন্ট এর বিষয়ে কি ধরনের সুপারিশ করবেন (পাঁচটি শক্তিশালী এবং বাস্তব সম্মত)?

4. আপনার বিদ্যালয়ের ব্যাপারে আঞ্চলিক সম্প্রদায় যে ধরনের সাহায্য ও সহযোগিতা করে থাকে তার একটি তালিকা প্রস্তুত করুন।

নোট

- বিদ্যালয়ের ছুট শিশুদের বিদ্যালয়ে আনার ব্যাপারে সাহায্য করে।
- --
- --
- --

5. শিখন উৎসের একটি তালিকা প্রস্তুত করুন : (ছাপা ভিডিও, অডিও প্রভৃতি) যা অতিরিক্ত শিখনের উৎস হিসেবে এই এককের সঙ্গে যুক্ত হতে পারে।

নোট

একক—12 : বিদ্যালয় এবং সম্প্রদায়ের অংশীদারিত্বে ব্যবস্থাপনা সংক্রান্ত দৃষ্টিভঙ্গী

কাঠামো

12.0 – ভূমিকা

12.1 – শিখন উদ্দেশ্য

12.2 – ব্যবস্থাপনা (management) দৃষ্টিভঙ্গী

12.2.1 – অর্থ

12.2.2 – প্রকৃতি এবং পরিধি

12.3 – ব্যবস্থাপনা (management) দৃষ্টিপ্রকৃতির প্রকারভেদ

12.3.1 – মানবশক্তির প্রয়োজনীয়তা

12.3.2 – খরচ—সুবিধা বিশ্লেষণ

12.3.3 – সামাজিক চাহিদা

12.3.4 – সামাজিক ন্যায়

12.4 – বিদ্যালয় ও সম্প্রদায়ের অংশীদারীত্বের প্রতিটি দৃষ্টিভঙ্গীর প্রাসঙ্গিকতা

12.5 – বিদ্যালয় ও সম্প্রদায়ের অংশীদারীত্বে ব্যবস্থাপনা (management) এবং সংগঠন এবং উভয়ের সম্পর্ক মজবুত করার প্রক্রিয়া

12.6 – সংক্ষিপ্ত করা যাক

12.7 – সুপারিশকৃত পঠন ও রেফারেন্সেস

12.8 – একক সমাপ্তির অনুশীলনী

12.0 ভূমিকা :

বিগত এককে উৎপাদনের গুরুত্বপূর্ণ উপাদান হিসাবে মানবসম্পদ আলোচনা করা হয়েছে। আপনি ভাল করে জানেন যে, জনসাধারণের শিক্ষা ও প্রশিক্ষণ পরিবার, সম্প্রদায়, সমাজ এবং দেশের আয়বৃদ্ধিতে সাহায্য করে। এটা অনুমেয় যে শিক্ষা এবং প্রশিক্ষণকে বিনিয়োগ হিসেবে ধরা হয় এবং অনেকটা ব্যয়সাপেক্ষ যন্ত্রপাতির মত। এটা প্রত্যাশিত যে যারা শিক্ষা ও প্রশিক্ষণের বিনিয়োগ করে থাকে, বিনিময়ে তারা লাভ করে থাকে। বর্তমান এককে আপনি শিখবেন বিদ্যালয় কীভাবে শিক্ষার মাধ্যম হিসাবে কাজ করে, তাদের ব্যবস্থাপনা সম্প্রদায়ের সাথে

নিবিড় সম্পর্ক স্থাপন করবে বা বিপরীত। সম্প্রদায় এবং বিদ্যালয় অংশীদারীত্বকে শক্তিশালী করতে হবে। কারণ বিদ্যালয় হল সমাজের একটি মাধ্যম। শিক্ষা এবং প্রশিক্ষণ সম্প্রদায়ে উপকৃত হয়। শিক্ষা ও প্রশিক্ষণের শুধুমাত্র অর্থনৈতিক মূল্যই নেই, এর সামাজিক ও সাংস্কৃতিক মূল্যও আছে।

12.1 শিখন উদ্দেশ্য

এই এককের মধ্য দিয়ে আপনি জানতে পারবেন

- বিদ্যালয় ও সম্প্রদায়ের অংশীদারিত্বে পরিচালিত বিদ্যালয়ের ব্যবস্থাপনার ধারণা ব্যাখ্যা করুন।
- ব্যবস্থাপক (management) দৃষ্টিভঙ্গীর ধরনের শ্রেণীবিভাগ যেমন—

(a) মানবশক্তির প্রয়োজনীয়তা

(b) ব্যয়-সুবিধার বিশ্লেষণ

(c) সামাজিক চাহিদা

(d) সামাজিক ন্যায়

- বিদ্যালয় ও সম্প্রদায়ের অংশীদারীত্বে প্রতিটি দৃষ্টিভঙ্গীর প্রাসঙ্গিকতা আলোচনা করুন।
- বিদ্যালয় এবং সম্প্রদায়ের মধ্যে সম্পর্কে দৃঢ়ভিত্তির প্রক্রিয়া ব্যাখ্যা করুন।

12.2 ব্যবস্থাপনা দৃষ্টিভঙ্গী

12.2.1 অর্থ

একটা দেশের কর্মরত জনগণের ধরা যাক 18-65 বছরের ব্যক্তিদের দেশের মানবশক্তি হিসেবে বিবেচনা করা যাক। স্বাক্ষর মানবশক্তি হল একটা দেশের সম্পদ। কিছুক্ষণের জন্য চিন্তা করুন চীন, জাপান, আমেরিকা, জার্মানি এবং অন্যান্য দেশ আকৃতিতে বড় বা ছোট হউক নতুন প্রযুক্তির সাহায্যে সম্পদ সৃষ্টি করছে। আপনি দেখেছেন ভারতে কীভাবে প্রচার করছে যে, সর্বশিক্ষা অভিযান এর মধ্য দিয়ে 6-14 বছরের শিশুদের বিদ্যালয়ে পাঠানোর ব্যবস্থা করা। আপনি নিষ্ঠার সঙ্গে আপনার কর্তব্য পালন করছেন। শিশুদের শিক্ষাদানের মাধ্যমে স্বাক্ষর করা যাতে তারা শিক্ষা অর্জন করে পেশাগত প্রশিক্ষণ গ্রহণ করে আয়ের ক্ষমতা উন্নয়ন ঘটাতে পারবে। আপনার রাজ্যে বিদ্যালয়ের অবস্থার বিষয় চিন্তা করুন। সারা বছরে ইহা কী সম্প্রসারিত হয়েছে?

আপনার পিতার, পূর্বপুরুষ অথবা গ্রামের সম্প্রদায়ের শিক্ষাগত যোগ্যতার বিষয় চিন্তা করুন। অবস্থার পরিবর্তন ঘটছে। শিক্ষা সম্প্রসারিত হচ্ছে। যারা প্রাথমিকে উত্তীর্ণ হয়েছে তারা উচ্চ প্রাথমিকে যায়, উচ্চ প্রাথমিকের পর মাধ্যমিক এবং তারপর উচ্চমাধ্যমিক এইভাবে শিক্ষার

মই বেয়ে ধাপে ধাপে উপরে উঠবে।

তাই মানবশক্তিকে শিক্ষার বিষয় আর গৃহ কাজের বিষয় নয় কিন্তু সরকার, বেসরকারী সংস্থা যুক্ত থাকার বিষয়টি দিনে দিনে বৃদ্ধি পাচ্ছে। এটা শুধুমাত্র বাঞ্ছনীয় নয়, প্রয়োজনীয়ও বটে। শিক্ষা এখন সারাজীবন শিখনের বিষয় বলে বিবেচনা করা হয় তার কারণ দিনে দিনে নতুন ধারণা, নতুন দক্ষতা যুক্ত হচ্ছে। প্রযুক্তি শিক্ষার চাহিদা বৃদ্ধি পাচ্ছে। কমপিউটার শিক্ষা নগর এবং শহরের দূরবর্তী অঞ্চলে পৌঁছে গেছে। কেন শিক্ষা এবং প্রশিক্ষণ?

এটা খুবই সহজ যে ইহা উচ্চ আয় করতে সাহায্য করে যার এই প্রশিক্ষণ নেই তার থেকে।

সংক্ষেপে বলা যায় বর্তমান পৃথিবীতে পরিবারের, সম্প্রদায়ের, সমাজের এবং সরকারের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন ঘটেছে। এই সমস্ত সংস্থা মনে করে এটা অত্যন্ত প্রয়োজনীয় যে আনাচে কানাচে শিক্ষা ও প্রশিক্ষণের সুবিধা সৃষ্টি করা। প্রতিযোগিতা বৃদ্ধি পাচ্ছে, উৎপাদনে নতুন পদ্ধতি আসছে, বিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি পাচ্ছে, পরিবারের মধ্যে ভাল থাকার মানসিকতা বৃদ্ধি পাচ্ছে এবং সেই কারণে এটা অত্যন্ত জরুরী পরিবারের প্রতিটি কর্মরত সদস্যদের শিক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা। শিক্ষা ও প্রশিক্ষণ ছাড়া ভবিষ্যৎ অনিশ্চিত এবং নিরুৎসাহ। এখন প্রশ্ন উত্থাপিত হতে পারে শিক্ষা ও প্রশিক্ষণের সম্প্রসারণে কী ব্যবস্থা নেওয়া হয়েছে। মানবশক্তি বিশেষজ্ঞ, অর্থনীতিবিদ তাদের গবেষণার মধ্য দিয়ে সুপারিশ করেছে শিক্ষা পরিকল্পনার জন্য মানবশক্তি দৃষ্টিভঙ্গী। এই দৃষ্টিভঙ্গীগুলো আলোচনা করা যাক।

12.2.2 প্রকৃতি ও পরিধি

1960 সালে, সুলটজ (Schultz) একটি ধারনা দিয়েছিলেন, যা পরিচিত ছিল "The Human Capital Theory Approach"। এই তত্ত্বের মূল বিষয় নিম্নে বর্ণিত হল :

1. সৃজনশীল সম্পদের নতুনরূপের শিখন ফলের প্রক্রিয়া পরিচিত 'মানব মূলধন' হিসেবে।
2. শিক্ষায় ব্যয় হল একটি বিনিয়োগ যা পরবর্তীতে মানব মূলধন এবং শারীরিক মূলধন গঠনে সাহায্য করে।
3. কারখানায় যে প্রক্রিয়া উৎপাদন হয় তার সঙ্গে শিখন প্রক্রিয়ার তুলনা করতে হবে।
4. শিক্ষা ও মজুরীর পার্থক্যের জন্য মজুরীরও পার্থক্য ঘটে এবং যা বৃদ্ধি পায় তথাকথিত কর্মীদের দক্ষতা ও প্রান্তিক উৎপাদনশীলতার উপর। প্রান্তিক উৎপাদনশীলতার অর্থ হল অতিরিক্ত উৎপাদন ।
5. যার ফলশ্রুতি অতিরিক্ত বছরের শিক্ষা ও প্রশিক্ষণ।

যদিও শিক্ষা ও প্রশিক্ষণের (গৃহের চাহিদা) ব্যক্তিগত চাহিদা নির্ভর করে নিম্নের বিবেচনার উপর।

- স্বেচ্ছামূলক শিক্ষার ব্যয়ের পরিবর্তন।
- শিক্ষার বিষয়ে পরিবারের সদস্যদের চিন্তাভাবনার পরিবর্তন।

- বাড়ীর আয়—বাড়ীর আয় বৃদ্ধি পেলে শিক্ষায় ব্যয় বৃদ্ধি পায় এবং বিপরীত।
- বিভিন্ন বিনিয়োগের পরিপ্রেক্ষিতে প্রত্যাশিত আয় ফেরত পাওয়া (শিক্ষা এবং প্রশিক্ষণে বিনিয়োগ অর্থ প্রত্যাশিত কম বা বেশী হারে ফেরত পাওয়া অথবা বিনিয়োগ অন্য কোথাও।

কিন্তু পরবর্তীকালে এই 'মানব মূলধনের' মানব শক্তির দৃষ্টিভঙ্গী সমালোচিত হয়েছে কারণ বাজার এবং প্রকৃত জীবন অবস্থায় গবেষণা দেখিয়েছে যে সম্পদের ভাগ এবং গৃহের আয় কখনই দেশের শিক্ষা ও প্রশিক্ষণের ভাগবাটোয়ার সাথে একসঙ্গে অগ্রসর হয় না। আইনের উৎস এবং বিদ্যালয় থেকে ফেরত প্রশিক্ষণ ও শিক্ষার স্তরের সঙ্গে সামঞ্জস্য হয় না। সমাজে আরও অন্যান্য উপাদান এবং শক্তি আছে যা সম্পদ ভাগবাটোয়ারার ক্ষেত্রে ভাগবাটোয়ারায় সাহায্য করে। উভয় পরিবারে শিক্ষা ও প্রশিক্ষণ স্তর যদি কম বেশী সমান হয় তাহলে উভয় পরিবারের অর্থনৈতিক মর্যাদা কম বেশী সমান হবে। আরও অন্যান্য অনেক উপাদান আছে যা অর্থনৈতিক ভাগের ক্ষেত্রে বৈষম্য সৃষ্টি করে। এই শক্তিগুলো সামাজিক প্রকৃতির হতে পারে অথবা রাজনৈতিক প্রভাব।

এই শক্তিগুলো সামাজিক প্রকৃতির অথবা রাজনৈতিক প্রভাব যা কিছু অর্থনীতিবীদরা লক্ষ্য করেছেন। দেশের অর্থনৈতিক কাঠামো বিশ্লেষণ করতে গিয়ে থুরোর মতানুসারে (1972) আয়ের বন্টন নির্দ্ধারিত হয় চাকুরী সুবিধা বন্টনের উপর এবং শিক্ষা ও প্রশিক্ষণ প্রাপ্ত শ্রমিক বন্টনের উপর নয়। চাকুরী সুবিধা নির্দেশ করে দেশে কাজের ও শ্রমিকের চাহিদার উপর। এই চাহিদা পূরণ করার জন্য শিক্ষা ও প্রশিক্ষণপ্রাপ্ত শ্রমিক যোগান দিতে হবে। শিক্ষা ও প্রশিক্ষণের স্তর ও প্রকৃতি অনুযায়ী শিক্ষা ও প্রশিক্ষনই চাকুরীর সুযোগ সৃষ্টি করতে পারে। থুরোর মতানুসারে চাকুরীর বন্টন তিনটি উপাদানের উপর নির্ভর করে।

1. প্রযুক্তি অগ্রগতির বৈশিষ্ট্য
2. মজুরী নির্দ্ধারিত হয় ট্রেন ইউনিয়নের দাবী দাওয়ার শক্তির উপর, ঐতিহ্যগত মজুরী নির্দ্ধারণের বিষয়
3. মালিক ও শ্রমিকের মধ্যে প্রশিক্ষণ সংক্রান্ত ব্যয়ের বন্টন
4. থুরো ভালো করে চিন্তা করে সরকারের মজুরী নীতির উপর সুপারিশ করেছেন চাকুরীর কাঠামেও নির্দিষ্টকরণ পদ্ধতির পরিবর্তনের দ্বারা (চাকুরীর সুযোগের চাহিদার দিক) যা একটি সফল উপাদান আয় বৈষম্য হ্রাস করার জন্য যা বাজারে চাকুরীর জন্য অপেক্ষারত শ্রমিকদের তুলনায় যাদেরকে শিক্ষা ও প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

সুতরাং একটি দেশের মানবশক্তির ম্যানেজমেন্ট দৃষ্টিভঙ্গী হল অত্যন্ত গুরুত্বপূর্ণ। গুরুত্বপূর্ণ বিষয় যেমন অর্থনীতির অর্থনৈতিক কাঠামো, চাকুরীর নির্দিষ্টকরণ, প্রযুক্তির অগ্রগতি, ট্রেড ইউনিয়নের ভূমিকা, শিক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা, চাকরী এবং প্রয়োজনীয় দক্ষতা, শ্রম আইন এবং মজুরী, জনস্বাস্থ্যের বিষয়ে বিনিয়োগ, অত্যাধিক শ্রমিকের বিষয়ে নিয়ম প্রণয়ন ইত্যাদি



নোট

বিষয়ে নিয়মিত মনিটরিং করা। ইহা মানবশক্তির ম্যানেজমেন্টে সাহায্য করবে এবং চাকুরীর সুবিধা সৃষ্টির ক্ষেত্রে মানবশক্তির চাহিদা ও যোগানের মধ্যে নিয়ন্ত্রণ আনবে, প্রযুক্তিগত ও পেশাদার পেশার স্তর বৃদ্ধি করবে। শ্রমিকের অত্যাধিক চাপ পেশায় প্রবেশের জন্য যোগ্যতার উন্নতি ঘটাবে এবং ফলস্বরূপ শ্রমিকের চাহিদা ও যোগানের মধ্যে বেমানান অবস্থার সৃষ্টি হচ্ছে। নিম্নমানের চাকুরীর জন্য উচ্চশিক্ষা ও প্রশিক্ষণের মানুষরা প্রতিদ্বন্দ্বিতা করছে বাজারে এই ধরনের পরিস্থিতি শিক্ষা ও পেশাগত প্রশিক্ষণে ভুল জায়গায় বিনিয়োগের সংকেত দেয়। এই ধরনের হওয়া উচিত নয়।

উপসংহারে বলা যায় শিক্ষা ও প্রশিক্ষণ (বিদ্যালয়) ব্যক্তির প্রত্যাশিত আয়ের ব্যবস্থা নাও করতে পারে কিন্তু এটা কোনভাবেই অপচয় বলা যায় না। শিক্ষিত ব্যক্তি তার পরিবারের কাছে, নিজের কাছে এবং ব্যাপক অর্থে সমাজের কাছে সম্পদ।

আপনি নিম্নে বর্ণিত কর্মতৎপরতা/প্রকল্পের মধ্য দিয়ে নিজেকে দেখার চেষ্টা করুন।

কর্মতৎপরতা—1/প্রকল্প

1. আপনার অঞ্চলে 10 থেকে 15টি পরিবারের উপর একটি গবেষণা করুন এবং তাদের পরিবারের কর্মরত সদস্যদের শিক্ষাগত যোগ্যতার নিরীখে পেশাগত যোগ্যতা বোঝার চেষ্টা করুন। শিক্ষাগত যোগ্যতা দুভাগে ভাগ করা যায়। (1) সাধারণ শিক্ষা (2) প্রশিক্ষণ।
2. শিক্ষাগত যোগ্যতার নিরীখে কর্মরত সদস্যদের আয়ের কোন ফারাক লক্ষ্য করলেন? যদি লক্ষ্য করে থাকেন তাহলে তাদের আয়ের ভিন্নতার কারণগুলো উল্লেখ করুন।

পরিবারের আয়ের ভিন্নতা কী শিক্ষা, প্রশিক্ষণের স্তর বা অন্য কোন কারণের জন্য ঘটছে?

শিক্ষাগত ও পেশাগত মর্যাদার উপর মর্যাদা এবং পরিবারের কর্মরত সদস্যদের আয়

ক্রমিক নং পরিবারের সদস্য	পরিবারের কর্মরত সদস্যদের সংখ্যা	কর্মরত সদস্যদের বয়স (বছর অনুযায়ী)	কর্মরত সদস্যদের শিক্ষাগত যোগ্যতা	প্রশিক্ষণ	কর্মরত সদস্যদের পেশা ও ব্যবসা	কর্মরত সদস্যদের বাৎসরিক আয়
1	2	3	4	5	6	7
পরিবারের সদস্য 1	1 2 3 4					
পরিবারের সদস্য 2	1 2 3 4					

ক্রমিক নং পরিবারের সদস্য	পরিবারের কর্মরত সদস্যদের সংখ্যা	কর্মরত সদস্যদের বয়স (বছর অনুযায়ী)	কর্মরত সদস্যদের শিক্ষাগত যোগ্যতা	প্রশিক্ষণ	কর্মরত সদস্যদের পেশ ও ব্যবসা	কর্মরত সদস্যদের বাৎসরিক আয়
1	2	3	4	5	6	7
পরিবারের সদস্য 3	1 2 3 4					
পরিবারের সদস্য 4	1 2 3 4					

নোট : (1) আপনার সুবিধামত সম্প্রদায়ের 10-15টি পরিবারের সদস্যদের উপর সার্ভে করুন। এই সিটটি কেবলমাত্র কলাম নির্দেশ করছে। আপনি ইচ্ছা করলে পরিবারের সংখ্যা বাড়িয়ে সিটের সারি বাড়াতে পারেন।

2. প্রত্যেক কর্মরত সদস্যদের বিষয়ে তথ্য সংগ্রহ করুন যারা পরিবারের জন্য আয় করছে।
3. শিক্ষার অর্থ হল—(i) নিরক্ষর (ii) প্রাথমিক উত্তীর্ণ (iii) এলিমেন্টারী উত্তীর্ণ (iv) মাধ্যমিক উত্তীর্ণ (নবম এবং দশম) (v) উচ্চমাধ্যমিক উত্তীর্ণ (vi) ডিগ্রী উত্তীর্ণ (স্নাতক) (vii) স্নাতকোত্তর এবং বেশী (কলাম-4)

প্রশিক্ষণের অর্থ হল নির্দিষ্ট ব্যবসায় পেশাগত অথবা প্রযুক্তি শিক্ষা। উদাহরণস্বরূপ, কারিগর, নকশাকার, পাটওয়ারী, ইলেক্ট্রিসিয়ান, প্লাম্বার, শিক্ষক, ওভারসিয়ার, ইঞ্জিনিয়ার, ফার্মাসিস্ট, ডাক্তার, নার্স প্রভৃতি (কলাম-6) প্রশিক্ষণের স্তর অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা লিখতে হবে। (i) সার্টিফিকেট কোর্স (ii) ডিপ্লোমা কোর্স (iii) ডিগ্রী কোর্স প্রভৃতি (কলাম-5)

সংগৃহীত ডেটা থেকে তথ্য/অনুমান উপনীত হন

1. স্বাক্ষর এবং শিক্ষিত কর্মরত সদস্য অপেক্ষা নিরক্ষর সদস্যরা কী অধিক টাকা আয় করেন?
2. উচ্চশিক্ষার জন্য কর্মরত সদস্যদের আয় কী বৃদ্ধি পায়? (আগের বিষয় কলাম-4 এর সঙ্গে তুলনা করুন।
3. পেশাগত শিক্ষার (প্রশিক্ষণ) জন্য কর্মরত সদস্যদের আয় কী বৃদ্ধি পায়? (কর্মরত সদস্যদের বাৎসরিক আয় কলাম-5 এর তুলনা করুন)
4. কর্মরত সদস্যদের কোন ধরনের ব্যবসা অথবা পেশা কোন্‌টি আয় বৃদ্ধিতে সাহায্য করে।

নোট

5. কর্মরত সদস্যদের আয় বয়স বৃদ্ধির সঙ্গে বৃদ্ধি পায়।

12.3 ব্যবস্থাপনা (Management) দৃষ্টিপ্রকৃতির প্রকারভেদ

শিক্ষাসংক্রান্ত পরিকল্পনার দৃষ্টিকোণ থেকে চারটি প্রধান দৃষ্টিভঙ্গীর বিবেচনা করা যেতে পারে। আপনি সাহিত্যে যে পরিভাষা পাওয়া যায় তার আলোচনাসহ তত্ত্বগত বর্ণনা কারুর সাথে ভাগ করে নিন।

12.3.1 মানবশক্তির প্রয়োজনীয়তা

এই দৃষ্টিভঙ্গী অনুসারে শিক্ষা পরিকল্পনা এই চিন্তা করে ঠিক করা হয় দেশের এবং সার্বিক অর্থনীতির জন্য মানবশক্তির প্রয়োজন, মালপত্র উৎপাদন করতে হলে কাজের জন্য শ্রমিক প্রয়োজন। এর জন্য প্রয়োজন সাধারণ শিক্ষা এবং বিশেষ দক্ষতা। যখন উৎপাদন প্রক্রিয়া সহজ, শিক্ষার প্রয়োজনীয়তা এবং দক্ষতা হবে সরল। যখন উৎপাদন প্রক্রিয়া জটিল হয় তখন উচ্চস্তরের সাধারণ শিক্ষা এবং বিশেষ প্রশিক্ষণ প্রয়োজন হয়। উদাহরণস্বরূপ, কমপিউটার শিল্পে হার্ডওয়ার উপাদান, মোবাইল ফোন, অথবা ঔষধ উৎপাদনের জন্য শ্রমিকের শুধুমাত্র উচ্চস্তরের সাধারণ শিক্ষা থাকলে হবে না। বিশেষ প্রশিক্ষণের মাধ্যমে বিশেষ দক্ষতার অধিকারী হতে হবে। তাই শিক্ষা পরিকল্পক মানবশক্তির প্রয়োজনীয়তা বিভিন্ন অর্থনৈতিক ক্ষেত্রে উৎপাদন প্রক্রিয়া বিষয়ে বিশেষ জ্ঞানের অধিকারী হন। পূর্বে উল্লেখ করা হয়েছে বর্তমান পৃথিবী বিশেষভাবে প্রযুক্তি নির্ভর এবং প্রতিযোগীতামূলক। তাই মানবশক্তির প্রয়োজনীয়তা এবং উৎপাদনের সঙ্গে যুক্ত হওয়ার চাহিদার উপর ভিত্তি করে একটা দেশের সাধারণ শিক্ষা ও পেশাগত শিক্ষা নির্দ্ধারিত হয়। ভবিষ্যতে মানবশক্তির প্রয়োজনীয়তার উপর নির্ভর করে দেশের যুবকদের শিক্ষিত ও প্রশিক্ষিত করতে হবে যাতে চ্যালেঞ্জ গ্রহণ করা যায়। এভাবে মানবশক্তির প্রয়োজনীয়তা সংক্রান্ত দৃষ্টিভঙ্গী দেশের বিভিন্ন ধরনের পেশার সঙ্গে শিক্ষা ও প্রশিক্ষণের স্তরকে যুক্ত করতে পারে।

12.3.2 ব্যয়/খরচ সুবিধা বিশ্লেষণ

ইহা মনে করা হয় যে বিদ্যালয় বছরের অতিরিক্ত এবং কাজের ক্ষেত্রে প্রশিক্ষণ বৌদ্ধিক সচেতনতা বৃদ্ধি করে এবং সমাজ ও ব্যক্তির ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধি করে। সেদিন অতিক্রান্ত হয়েছে যখন শিক্ষাকে অবসরের সময় পণ্যভোগের বিষয় বলে মনে করা হত। দ্রুত সম্প্রসারণ, বহুমুখী মানবশক্তির প্রয়োজনীয়তা, অর্থনীতিতে উন্নত প্রযুক্তি প্রভৃতি শিক্ষার চাহিদা বিষয়ে চাপ সৃষ্টি করেছে।

ব্যয়/খরচ সুবিধার ধারণা

একটি ভাল দ্রব্য উৎপাদন করা যায় অন্যের ভাল কাজের উপর নির্ভর করে। কোন বিকল্প অর্জন করার পরই অপর বিকল্প ত্যাগ করা যায়। পরিবার তার শিশুদের বিদ্যালয়ে পাঠান তারা fees

ও কর (Tax) দেয়। তারা শিক্ষা ক্রয় করে। এই পরিবারগুলো তাদের পরিবারের সদস্যদের আয় পরিহার করে তারা তাদের সন্তানদের বিদ্যালয়ে পাঠাচ্ছে। প্রথম ধরনের ব্যয় হল পরিবারের প্রত্যক্ষ ব্যয় এবং পরেরটা হল 'সুবিধা বিষয়ক ব্যয়'। অর্থ ব্যয়ের (বাজেট) বিষয় হল বেতন রক্ষণাবেক্ষণ, ব্যবহার্য জিনিসপত্রের যোগান, মূল্যহ্রাস প্রভৃতি এবং সম্প্রদায় এর কাছ থেকে সম্পদ সংগ্রহে ব্যয়। এখানে সুবিধা গ্রহণ করা যেতে পারে যে শিক্ষার ব্যবস্থা করার জন্য অন্যত্র বিনিয়োগ করা যেতে পারে। আবার ব্যক্তির জন্য শিক্ষার ব্যবস্থা করা যেতে পারে। সরকারের দ্বারা যেখানে শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার জন্য সরকারের ব্যয় অনেক বেশী হচ্ছে। এটা মনে করা হয় যারা শিক্ষাগ্রহণ করছে তারা কিন্তু প্রকৃত অর্থ ব্যয় করছে না, অন্যরা কর (Tax) এর মাধ্যমে শিক্ষার জন্য ব্যয় করছে। উদাহণস্বরূপ বলা যায়, সরকারী বিদ্যালয়ে অবৈতনিক বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা (শ্রেণী-I-VIII)। এখানকার শিশুরা অবৈতনিক শিক্ষা লাভ করছে এবং সমস্ত ব্যয় সরকার বহন করছে। সুযোগ সুবিধা দুভাবে বিবেচনা করা যায়।

1. অর্থনৈতিক অথবা আর্থিক সুবিধা
2. আর্থিক সুবিধা ব্যতিরেকে

অর্থনৈতিক সুবিধার উদাহরণ হল কোন ব্যক্তির সমগ্র কর্মজীবনের অর্থ উপার্জনের বিষয়। অর্থনৈতিক বিষয় নয় এমন সুবিধা হল পরোক্ষ মূলতঃ

- সুনাগরিকের মূল্যবোধ
- জ্ঞানের দক্ষতা, কর্মসংস্কৃতির প্রতি দৃষ্টিভঙ্গী

ব্যক্তির প্রতি শিক্ষার সুবিধা ছাড়াও সম্প্রদায়, সমাজ অথবা জাতী সুবিধাপ্রাপ্ত হবে শিক্ষিত মানবশক্তির দ্বারা।

জাতীয় আয়ের বৃদ্ধির সঙ্গে সঙ্গে প্রত্যক্ষ অর্থনৈতিক সুবিধা বৃদ্ধি পায়। শিক্ষিত এবং দক্ষ মানবশক্তির উৎপাদনশীলতার হার উচ্চ, নিরক্ষর মানব শক্তির উৎপাদনশীলতার হারের তুলনায়। সমাজ ও ব্যক্তির দ্বারা শিক্ষা ও প্রশিক্ষণের চাহিদা ব্যয়-সুবিধা নীতির উপর নির্ভরশীল। দেখুন ভারতের প্রেক্ষিতে কোমলভাবে শিক্ষার সম্প্রসারণ, শিক্ষা প্রতিষ্ঠান—বিদ্যালয় এবং মহাবিদ্যালয় হয়ে চলেছে।

12.3.3 সামাজিক চাহিদা

অর্থনৈতিক উন্নয়নের জন্য শিক্ষার সামাজিক চাহিদা বৃদ্ধি পাচ্ছে এবং বিপরীত। প্রতিটি দেশের অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে সঙ্গে জীবনধারণের মানোন্নয়ন ঘটে। জীবনধারণের মান উন্নয়নের সঙ্গে সঙ্গে সামাজিক সাম্যের প্রতি সামাজিক প্রত্যাশা সচেতনতা বৃদ্ধি পায়। বিভিন্ন ধরনের সামাজিক গোষ্ঠী প্রাথমিক শিক্ষা মানুষের অধিকার বলে উচ্চস্তরে দাবী করে। সেই কারণে ভারতে স্বাধীনতার অনেক বছর পর শিক্ষার অধিকার আইন (2009) পাশ হয় এবং সারা ভারতে 1লা এপ্রিল 2010 লাগু হয়। আপনি এই আইনের মূল উপাদানগুলো স্মরণ করার চেষ্টা করুন যা এই এককের অন্যত্র উল্লেখ করা হয়েছে।

আপনি কী শিক্ষার অধিকার আইন (2009)এর পাঁচটি মূল উপাদান দিতে পারেন?

- ---
- ---
- ---
- ---
- ---

12.3.4 সামাজিক ন্যায়

ভারতীয় সংবিধানের মূল লক্ষ্য হল সামাজিক ন্যায় প্রতিষ্ঠা করা। ভারতীয় সংবিধানের প্রস্তাবনায় সামাজিক ন্যায়ের বিষয়ে কিছু বলা নেই, দেশের আদালত বিষয়টি বাস্তবায়নের চেষ্টা করেছে। সরকার এবং আইনসভা আইন তৈরী করার চেষ্টা করেছে এবং বিভিন্ন উন্নয়নমূলক কাজের মাধ্যমে সমাজে পিছিয়ে পড়া অংশের সুরক্ষার দ্বারা সামাজিক বাস্তবায়নের চেষ্টা করেছে। তপশিলী জাতী (SC) তপশিলী উপজাতি (ST), অন্যান্য পিছিয়ে পড়া শ্রেণী (OBC), সংখ্যালঘু প্রভৃতি।

- আপনি কী আপনার রাজ্যে দুটি শিক্ষা কর্মসূচীর নাম উল্লেখ করতে পারেন যা সরকার বাস্তবায়ন করেছে এস.সি./এস.টি/ওবিসি/সংখ্যালঘুদের জন্য
- ---
- ---

12.4 বিদ্যালয় এবং সম্প্রদায়ের অংশীদারিত্বে প্রতিটি দৃষ্টিভঙ্গীর প্রাসঙ্গিকতা

উপরের বর্ণনায় আপনি শিখেছেন চারটি দৃষ্টিভঙ্গী মানবশক্তির প্রয়োজনীয়তা, ব্যয়-সুবিধা; সামাজিক চাহিদা এবং সামাজিক ন্যায়-শিক্ষার দাবীর দিকে চাপ দিচ্ছে এবং এই প্রেক্ষিতে ম্যানেজমেন্ট যা চাইছে।

- প্রশিক্ষণ এবং শিক্ষার সম্প্রসারণ
- দক্ষতা এবং ফলপ্রসূতা আনয়ন করে নিশ্চিত করতে হবে পরিবারের সদস্যদের ঐচ্ছিক ব্যবহার এবং সুবিধা যারা তাদের শিশুদের বিদ্যালয়ে সম্প্রদায়ে এবং ব্যাপক অর্থে সমাজে পাঠাবে।
- সামাজিক এবং অর্থনৈতিক অসাম্য হ্রাস করা।
- সু এবং দায়িত্বশীল নাগরিকের মধ্য দিয়ে জাতি গঠন।

সুশিক্ষা এবং প্রশিক্ষণ শক্তিশালী করার জন্য বিদ্যালয় ও সম্প্রদায়ের অংশীদারীত্ব খুবই গুরুত্বপূর্ণ। কেমন করে? নিম্নের সমস্যাগুলোর সম্পর্কে চিন্তা করুন।

- মেয়েরা বিদ্যালয়ে উপস্থিত হচ্ছে না তার কারণ পিতামাতারা ইচ্ছুক নন।

- শিশুদের বিদ্যালয় ছুটের সংখ্যা অত্যন্ত উচ্চ।
- বিদ্যালয়ে পিতামাতা শিক্ষক অ্যাসোসিয়েশন অথবা মা শিক্ষক অ্যাসোসিয়েশন উন্নয়ন কর্মসূচীতে সক্রিয়ভাবে যুক্ত নয়।

উপরে বর্ণিত সমস্যার সমাধান প্রয়োজন। বিদ্যালয় ও সম্প্রদায়ের অংশীদারিত্ব সংকটময়।

আপনি কী উপরে বর্ণিত তালিকার তিনটি সমস্যার বিষয়ে কিছু সুপারিশ করতে পারেন যা বিদ্যলয় এবং সম্প্রদায়ের অংশীদারীত্বকে শক্তিশালী করতে পারেন?

1. মেয়ের বিদ্যালয়ে উপস্থিত হচ্ছে না (পরামর্শ)

- --
- --
- --

2. শিশুদের বিদ্যালয় ছুটের হার উচ্চ (পরামর্শ)

- --
- --
- --

3. পিতামাতা শিক্ষক অ্যাসোসিয়েশন অথবা মা শিক্ষক অ্যাসোসিয়েশনের কাছে সহযোগিতা চাওয়া (পরামর্শ)

- --
- --
- --

12.5 বিদ্যালয় এবং সম্প্রদায়ের অংশীদারিত্বের সংগঠন ও ব্যবস্থাপনা (Management) এবং উভয়ের সম্পর্ক মজবুত করার প্রক্রিয়া

অবৈতনিক ও বাধ্যতামূলক শিশু শিক্ষার অধিকার আইন 2009 (আর.টি.ই.2009) আইনের 21 অংশে বিদ্যালয় ম্যানেজমেন্ট কমিটি গঠনের উল্লেখ আছে (আঞ্চলিক কর্তৃপক্ষের নির্বাচিত প্রতিনিধি। শিশুর অভিভাবক অথবা পিতামাতা এবং শিক্ষক নিয়ে গঠিত হবে)। বিদ্যালয় ম্যানেজমেন্ট কমিটি নিম্নলিখিত কার্যাবলী সম্পাদন করবেন। সেগুলো হল—

(a) বিদ্যালয় কাজের তদারকি করা।

(b) বিদ্যালয়ের উন্নয়ন পরিকল্পনা প্রস্তুত এবং সুপারিশ করা।

(c) সরকারী অনুদান অথবা আঞ্চলিক কর্তৃপক্ষ অথবা অন্য কোন উৎস থেকে পাওয়া অর্থের ব্যবহারের তদারকি করা।

(d) নির্দেশমত অন্যান্য কার্যাবলী।

তাই RTE ACT 2009 এ বিদ্যালয় এবং সম্প্রদায়ের অংশীদারীত্বে বিদ্যালয় উন্নয়ন

পরিকল্পনার সুপারিশ, প্রস্তুতির বিষয় উল্লেখ আছে। বিদ্যালয় উন্নয়ন বিষয়ে ম্যানেজমেন্ট কমিটিতে ক্ষমতা অর্পন করা হয়েছে তত্ত্বাবধান করার জন্য। কিন্তু একই সময়ে দুটি সংস্থার অংশীদারীত্ব অর্থাৎ বিদ্যালয় ও সম্প্রদায় যেন স্বাস্থ্যসম্মত হয়। কেউ যেন কারো কাজে হস্তক্ষেপ না করে কাজের দায়িত্ব সম্পাদন করে।

উদাহরণস্বরূপ, বিদ্যালয়ে মিড-ডে-মিলের যে কর্মসূচী প্রাথমিক এবং উচ্চপ্রাথমিকের জন্য নেওয়া হয়েছে তা যেন সম্প্রদায়ের সক্রিয় অংশীদারিত্বে সুষ্ঠুভাবে পরিচালিত হয়। ঠিক একইভাবে PTA অথবা MTA-র বিদ্যালয়ের কর্মসূচী সংগঠিত করা এবং শিশুদের উপস্থিতির বিষয়ে তত্ত্বাবধান করার ক্ষেত্রে সাহায্য করে। আবার কিছু অঞ্চল আছে যেখানে বিদ্যালয়ে কাজের দায়িত্ব (ম্যানেজমেন্ট) সম্পাদনের জন্য আঞ্চলিক কর্তৃপক্ষ অথবা সরকারের উপরে নির্ভর করতে হয়। উদাহরণস্বরূপ, নির্দিষ্ট যোগ্যতা ও শর্তের ভিত্তিতে শিক্ষক অথবা আঞ্চলিক কর্তৃপক্ষের নিয়মকানুন ভূমিকা পালন করে থাকে। বিদ্যালয় ম্যানেজমেন্ট কমিটি শিক্ষকদের শূন্যপদের বিষয়ে কর্তৃপক্ষের উপর চাপ সৃষ্টি করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য।

12.6 সংক্ষিপ্ত করা যাক

বর্তমান এককে ম্যানেজমেন্ট দৃষ্টিভঙ্গী—মানবশক্তির প্রয়োজনীয়তা, ব্যয় সুবিধা, প্রশিক্ষণ এবং শিক্ষার বিষয়ে সামাজিক চাহিদা এবং সামাজিক ন্যায় এর প্রয়োজনীয়তা অনুভব করা হয়েছে এবং সেজন্য জনসাধারণের জন্য শিক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। আপনি শিখেছেন যে শিক্ষা ও প্রশিক্ষণে শুধুমাত্র ব্যক্তিরা নয়, উপকৃত হবে ব্যাপকভাবে সম্প্রদায়, সমাজ এবং দেশ। শিক্ষার সম্প্রসারণ, শিক্ষা প্রতিষ্ঠান বিদ্যালয়, মহাবিদ্যালয়, পেশাগত কোর্স এবং প্রতিষ্ঠান যা জনগণের মান, উৎপাদনশীলতা, চরিত্রগঠন এবং সু-নাগরিক গড়ে তুলতে সাহায্য করবে। তাই এটা অত্যন্ত প্রয়োজনীয় যে বিদ্যালয় উন্নয়ন পরিকল্পনা এবং দুটো সংস্থা—বিদ্যালয় ও সম্প্রদায়ের সম্পর্ক শক্তিশালী করার জন্য সহযোগীতা চাওয়া। আপনি এও শিখেছেন যে বিদ্যালয় ও সম্প্রদায়ের মধ্যে দ্বন্দ্ব এড়ানোর জন্য উভয়ের মধ্যে ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যাবলীর ভিন্নতার বিষয়।

12.7 সুপারিশকৃত পঠন এবং রেফারেন্সেস

1. Garg V.P. (1989) Economics of Education - Metropolition Book Co. Pvt. New Delhi.
2. Government of India. Ministry of Human Resource Development (2009). The Right of children to free and compulsory Education Act. 2009. New Delhi
3. Schultz, T.W. Investment in Education. The Equity, Efficiency Quandary. Journal of Political Economy 80, No.3 (Supp: May/June) 1972, p.22

নোট

4. Thurow Lester, C. (1972) Education and Economic Equality: The Public Interest, Summer, 1972, Reproduced in the Baxler et.al (ed) Economics and Education Policy; Reader. Longman in association with the Open University Press, 1977, p.353.
5. Constitution of India: See Preamble of the Constitution.
6. Blaug.Mark (1980) An Introduction to the Economics of Education. Reprint. Penguin.

12.8 একক সমাপ্তির অনুশীলনী

1. পিতামাতা শিক্ষক অ্যাসোসিয়েশন/মা শিক্ষক অ্যাসোসিয়েশন বিগত বছরে কিরকম কাজ করেছে তার উপর একটি রিপোর্ট প্রস্তুত করুন।
2. নিম্নের বিষয়গুলো মনে রেখে বিদ্যালয় উন্নয়ন পরিকল্পনার উপর একটি টীকা প্রস্তুত করুন।
   - বিদ্যালয়ে বস্তুগত সুযোগসুবিধার ব্যবস্থা
   - বিদ্যালয়ের উন্নয়ন পরিকল্পনার অগ্রগতির বিষয়ে বিদ্যালয় ম্যানেজমেন্ট কমিটির ভূমিকা ও দায়িত্ব।
3. বিদ্যালয় উন্নয়ন পরিকল্পনার বিষয়ে সাহায্য করার ক্ষেত্রে বিদ্যালয় ম্যানেজমেন্ট কমিটি অথবা সম্প্রদায়ের ভূমিকা সম্পর্কে কিছু ভিডিও ক্লিপিংস্ সংগ্রহ করুন।